182. Nb. 916.6
BK4
1917

182. Nb. 916. 6.

BENGAL LIBRARY
11. 1917
BUILDING

এলাহি ভরসা

আসল | চান্ মার্কা | ছহি ছাপা

ছহি জঙ্গে ছোহরাব।

* প্রণেতা *

শ্রীযুক্ত মুন্সী হবিবল হোছেন সাহেব।

* খরিদাসুত্রে মালিক *

MOHAMMED KORBAN ALI
محمد قربان علی
মহাম্মদ কোরবান আলি
১১, মেছুয়াবাজার পুস্তকালয়
কলিকাতা

১১ নং মেছুয়াবাজার ষ্ট্রীট পুস্তকালয় হইতে
শ্রীমহাম্মদ কোরবান আলি দ্বারা প্রকাশিত।

১০ নং মেছুয়াবাজার ষ্ট্রীট ওসমানিয়া প্রেসে,
শ্রীমহাম্মদ কোরবান আলি দ্বারা
মুদ্রিত।
সন ১৩২৩ সাল।

মুল্য ৶০ তিন আনা।

182. Nb. 916.6
BK4
1917

182. Nb. 916. 6.

BENGAL LIBRARY
11. 1917
BUILDING

এলাহি ভরসা

আসল | চান্ মার্কা | ছহি ছাপা

ছহি জঙ্গে ছোহরাব।

* প্রণেতা *

শ্রীযুক্ত মুন্সী হবিবল হোছেন সাহেব।

* খরিদাসুত্রে মালিক *

MOHAMMED KORBAN ALI
محمد قربان علی
মহাম্মদ কোরবান আলি
১১, মেছুয়াবাজার পুস্তকালয়
কলিকাতা

১১ নং মেছুয়াবাজার ষ্ট্রীট পুস্তকালয় হইতে
শ্রীমহাম্মদ কোরবান আলি দ্বারা প্রকাশিত।

১০ নং মেছুয়াবাজার ষ্ট্রীট ওসমানিয়া প্রেসে,
শ্রীমহাম্মদ কোরবান আলি দ্বারা
মুদ্রিত।
সন ১৩২৩ সাল।

মুল্য ৶০ তিন আনা।

182. Nb. 916. 6.

* এলাহি ভ. শা *

ছহি জঙ্গে ছোহ্‌রাব।

বা

পিতা পুত্রের লড়াই।

* হামদ নাত *

কোদরত কামাল, জলিল জালাল, করিম রহিম সাই ॥ কুলমখ লুকাতে, সৃজে পাকজাতে, কোদরতের হদ নাই * জমিন আছমান, যেন ও এনছান, পয়দা করলেন ছারা ॥ দরিয়া পাহাড়, গাছপালা আর, আফ তাব মাহতাব তারা * দিয়া নিজ নুর, করিল জহুর, মহাম্মদ মস্তফা নবি ॥ আল্লার মকমুল, খাতেমর রছুল, কি বলিব তার খুবি * সেই নবিজির, ছেফত খবির, কি রূপে বয়ান করি ॥ তামাম দুনিয়া, জার নুরে কিয়া, আপে পাকজাত বারি * আছহাব তাহার, আছিল চারি, নেক পাক দিনদার ॥ আবুবকর আর, ওম্মর নেককার, সোন লিখি আরবার * হজরত ওছমান, আলি পাহালওান, এ চারি আছহাব তার ॥ পেয়ারা নবির, আলমে জাহির, দোস্ত ছিল মস্তফার * পাক পাঞ্জাতন, দিনের রওশন, হাছেন হোছেন নাম ॥ ফাতেমা জোহরা, খোদার পেয়ারা, সোন লিখি সে কালাম * ভেজি সোবে সাম, দরুদ ছালাম, নবিজির আল পরে ॥ আছহাব যে আর, উপরে সবার, দরুদ ভেজি সবারে * কহে থাকছার, অধিন লাচার, আমি বান্দা গোনাগার ॥ শাফাতের আশা, দেলেতে ভরসা, তোমা বিনে নাহি আর * জঙ্গে ছোহরাব, মাফিক কেতাব, লিখিয়া সোনাই এবে ॥ বাপ ও বেটায়, বড় জঙ্গ হয়, মন দিয়া সোন সবে *

※ ২ ※

※ জালের শাদি ও রোস্তম পাহালওানের পয়দা হইবার বয়ান ※

※ পয়ার ছন্দ ※

সোনহে সওকিন গণ করিয়া খেয়াল॥ শাহানামা কেতাবেতে আছে এই হাল ※ জাল নামে এক মর্দ্দ পাহালওান ছিল॥ শাদি করিবারে তার খাহেশ হইল ※ জালের এগানা গণ মতলব বুঝিয়া॥ হরেক মুল্লুকে দিল ঘটকে ভেজিয়া ※ তার মধ্যে এক জন খবর আলিন॥ জালের হুজুরে আসি কহিতে লাগিল ※ মেহেরাব বলিয়া নাম জোহাকের নছলে॥ এক নামদার আছে সহর কাবলে ※ রূদাবা নামেতে তার আছে এক বেটী॥ কি কহিব রূপ তার অতি পরি পাটী ※ বয়েস হইবে তার পোনের বচ্ছর॥ হুর পরি নাহি হবে তার বরাবর ※ চান্দের মতন রূপ নবিন কুমারী॥ জেমন নাবিয়া আইল স্বর্গ বিদ্যাধরী ※ পয়গাম পাঠায় জাল এতেক সুনিয়া॥ মেহরাবের আগে কহে উকিল জাইয়া ※ মেহরাব সুনিয়া রাজি হইয়া তখন॥ এনাম দিলেন তায় খোশালিত মন ※ বিদায় হইয়া মর্দ্দ চলে সেথা হৈতে॥ জাইয়া পৌছিল সেহ জালের আগেতে ※ তার পরে জাল মর্দ্দ করিয়া ছামান॥ ছেপাই লস্কর লিয়া চলিল নিদান ※ জাইয়া পৌছিল জদি মেহরাবের ঘরে॥ তাজিম করিয়া বসাইল সবাকারে ※ মোরতবা জেমন জার তেমনি জাগায়॥ বহুত তাজিম করি সবাকে বসায় ※ দেশের দস্তুর মত মেহরাব বেটির॥ শাদি দেলাইল মর্দ্দ জালের খাতির ※ জালের হইল শাদী রূদবার সাতে॥ জাল ও [illegible] লাভ লিয়া [illegible] ※ রূদবাকে লিয়া জাল ঘরেতে আইল॥ এক সঙ্গে দুইজনে আসে রহিল ※ এই রূপে দুই জনে থাকে এক সাতে॥ হামেলা হইল বিবি আল্লার কোদরতে ※ এই রূপে নয় মাস গোজরিয়া গেল॥ লাড়কা জন্মি বার দর্দ্দ পেটেতে হইল ※ কোন মনে খালাছ হইতে নাহি পারে॥ পেরেশান থাকে বিবি দরদের জোরে ※ পেটের দরদে বিবি কাতর হইয়া॥ রহিল কএক রোজ বেহোশ পড়িয়া ※ এহা দোখ জত লোক করে হায়২॥ বিবির কারনে সবে কান্দে উভরায় ※ কেহ বলে খালাছ না এতহৈলে বিবি॥ এখনি মরিয়া জাবে নাহি দেখি খুবী ※ এতেক

শুনিয়া জাল পেরেশান হৈয়া ॥ শীমোরগের পর দিল আগুনে রাখিয়া ❀ কিঞ্চিত জলিতে পর আগুণ উপর ॥ মালুম পাইল মোরগ তাহার খবর❀ তখনি মোরগ সেথা আসিয়া পৌছিল ॥ জতেক মাজেরা জাল বয়ান করিল ❀ কহিল সে শোন বাবা এর বিবরণ ॥ এহার পেটেতে আছে রস্তম পিলতন ❀ জাহার ডরেতে ভাগে কত শত দেও ॥ শের আর মস্ত হাতি নাহি টেকে কেও❀ যতক্ষণ পাহলু বিবীর নাহিক ফাড়িবে ॥ শেকম হইতে বাহির পয়দা না হইবে ❀ এতো শুনি জাল ফের দিল এ যওাব॥ এহার তদবির কিছু বাতাও শেতাব ❀ এমন তদবির কহো জাতে বিবী জান ॥ ছালামত রহে তাহা করো মেহেরবান ❀ ছিমোরগ জঙ্গলেতে তখনী জাইয়া ॥ সেথা হৈতে ঘাস ঘোড়া দিলেক আনিয়া ❀ কহিল জালেরে এবে লইয়া শারাব ॥ পেলাইয়া বেহোশ করো বিবীকে সেতাব❀ চাক করো পাহলুর ফলানা জাগাতে ॥ বাহির হইবে লাড়কা ভয় নাহি তাতে ❀ ঘাস কে পিশিয়া ঘায় লাগাইয়া দিবে ॥ আল্লার ফজলে বিবী আরাম পাইবে ❀ বিবীর কারণে জাল পেলায় শারাব ॥ বেহোশ করিয়া দিয়া তাহাকে শেতাব ❀ পাহলু বিবীর চাক এয়ছাই করিল ॥ ছিমোরগ জেয়ছা তারে বাতাইয়া দিল ❀ পয়দা হইল লাড়কা জেন পিলতন ॥ দেখিয়া হয়রান তারে রহে সব্বজন❀ রুদবার বহিন এক একথা শুনিয়া ॥ দুই চক্ষে নির তার চলিল বহিয়া ❀ মনেতে বুঝিল বহিন না বাচিবে আর ॥ এতেক ভাবিয়া বিবী কান্দে জারে জার ❀ জাল তারে বুঝাইয়া একে একে কহে ॥ তবে সে খাতেরজমা হৈয়া চুপ রহে❀ ঘাও পরে ফের সেই ঘাস লাগাইল ॥ বিবীর জখম সব আরাম হইল ❀ রুদবা বিবীর হোশ হইল জখন ॥ বহিনের সাতে বাত কহেন তখন ❀ লাড়কার ছুরত ছিল চান্দের আকার ॥ নজ্জুমেরা রাখে নাম রস্তম তাহার ❀ লাড়কার ছুরত সব পটেতে খেচিয়া ॥ বাপের হুজুরে জাল দিল পাঠাইয়া ❀ রস্তমের ছবি জবে করিল নজর। দেখিয়া কহেন এই শাদ দেলাওর❀ আমার ছুরতে কিছু নাহিক তফাত ॥ মেলাইয়া দেখে পরে ভেজে মনাজাত❀ কত রঙ্গ তহফা জাল তাহার পরেতে ॥ কাবল তরফে ভেজে দিলো খোশালিতে ❀ মেহরাবে পৌছিল জবে খবর এহার ॥ রস্তম হইল পয়দা দুনিয়া মাঝার❀ একথা সুনিয়া মর্দ্দ খোশাল হইল ॥ ফুলের মতন দেল বিকশিয়া গেল❀ খোদার সোকরানা সেহ করিয়া আদায় ॥ জর জওাহের কত দিল

সবাকায় * রস্তম দেখিতে বড়া ছিল বেনজির ॥ সাত দাই দুধ দিতে তাহার খাতির * কুখন রহিত জদি পেটে তার ভুক ॥ বকরি গাএর দুধে হইত অসুখ * খানার তলব জবে হইল তাহার ॥ পাচ বকরী হৈতো তার খোরাক তৈয়ার * খাইয়া জাইত গোস্ত তাহার তামাম ॥ তাজ্জবে থাকিত লোক জত থাছ আম * তিন সালের হৈল জবে বএস তাহার ॥ ঘোড়ায় চড়িয়া ফেরে হইয়া ছওার * আপনা বাপের গোর্জ্জ হাতে তুলে লিত ॥ দেখিয়া তামাম লোক হয়রতে রহিত * এয়ছা জোরওার লাড়কা দুনিয়া ভিতরে ॥ কানে না শুনিনু মোরা না দেখি নজরে * সবে বলে এই লাড়কা ফজলে খোদায় ॥ বড় জবরদস্ত আর হবে জোরওার * গর্গছার ও মাজান্দারান তরফেতে ॥ সাম জঙ্গি পাইলোওান আছিল লড়িতে * একা এক দেশ ভাঙ্গি চাহিল এয়ছাই ॥ এবে গিয়া রস্তমের মুখ দেখা চাই * মেহেরের জোস তার খেচিল নিদান ॥ রওানা হইয়া তবে চলে জবলুস্থান * মেহরাব কাবল হৈতে রওানা হইয়া ॥ খোসালিতে জবলু স্থানে পৌছিলেন গিয়া * মেহরাব পৌছিল গিয়া শামের কাছেতে ॥ রস্তমে দেখিয়া খুসি হইল দেলেতে * নজদিগে পৌছিল শাম আসিয়া জখন ॥ জালে মেহরাব গিয়া আনিল তখন * বড়ো এক মস্ত হাতি আছিল বোলন্দ ॥ হুওার আছিল তার জালের ফরজন্দ * আছিল জরির তাজ রস্তমের ছেরে ॥ খুসি হৈল শাম তারে দেখিয়া নজরে * আসিয়া পৌছিল জদি শামের হুজুরে ॥ ঘোড়া হৈতে ওতারিল তাজি মের পরে * চাহে কি রস্তম ফের উতারে সেতাব ॥ মানা তাকে করে সাম হইয়া বেতাব * নাকর তকলিফ তুমি সুন নামদার ॥ সবাপরে তেরা বেসি মান মোরতবার * এত বলি দোওা মাঙ্গে আল্লার দরগায় ॥ এজ্জত হোরমত তেরা হামেসা বাড়ায় * তক্তের উপরে সাম বসিল জাইয়া ॥ ডাহিন তরফে জাল বসিল আসিয়া * বামেতে মেহরাব ছিল খোসাল অন্তরে ॥ রস্তম বসিয়াছিল সামের হুজুরে * বহুত মেহেরে সাম রস্তমের সাতে ॥ কহিতে লাগিল বাত বড়া মহব্বতে * রস্তম তারিফ অতি সামের করিল ॥ ছেপ্ত করিয়া কত দোওা তারে দিল * দুনিয়ার বিচে খোস থাক পাহালওান ॥ জেন্দা থাকো জত দিন থাকিবে জাহান * এয়ছাই আরজ ফের করে নামদার ॥ সামের গোলাম আমি নেহাত নাচার * নিন্দ ও আরাম আমি কিছু নাহি চাহি ॥ খুসি

খোসালিতে ঘরে না রহিব ছহি * আমাকে দরকার এবে ঘোড়া আর জোরা ॥ রাগ রঙ্গ বাজায় তলব নাহি মেরা * তির খেদঙ্গ গোর্জ্জ সম সের [illegible] দুস্মনের তন খুনে দিব ডুবাইয়া * একথা শুনিয়া সাম খুসি বে আন্দাজা ॥ হইল চেহারা জেন গোলেস্তান তাজা * করিয়া তরতিব এক জশন খুসির ॥ সকলে সারাব পিয়া হইল অস্থির * সারাবের নেশা জবে হইল সবারে ॥ মেহ্‌রাব বলে তবে উজিরের তরে * শাম জাল হৈতে আর নাহিক খাতির ॥ ভয় নাহি রাখি কোন বাদসা জাহাগির * দুনিয়াতে আমি আর রস্তম পাহালওান তলওার গোর্জ্জ জদি ধরি দু জওান * কার সাদ্ধ থাকে সেথা করিতে লড়াই ॥ আসিয়া আমার আগে লস্কর ছেপাই * দুস্মনে করিয়া জের থাকে মেলাইয়া ॥ জোহাকের আইন এবে দিব চালাইয়া * এইরূপে লাফ কাফ করিতে লাগিল ॥ সাম আর জাল শুনে হাসিতে লাগিল * তার পরে সামে এয়ছা খবর পৌছিল ॥ দুস্মন তামাম তেরা জোরওার হৈল * সেখানে জাইতে কছদ করিলেন শাম ॥ ছাড়িয়া দিলেন জত আএস আরাম * জাল আর রস্তম কহেন নামদার ॥ ছাড়িয়া না দিও রাহা দিনের বিচার * এতেক কহিয়া তায় শাম নেকনাম ॥ রওানা হইল ফের বস্তার মকাম * চলিয়া রস্তম জাল দোন পাহালওান ॥ জাইয়া পৌছিল তারা মকাম শিস্তান * হুকুমতি ছিল সেথা আরামের ঘর ॥ কোন বাতে সেথা নাহি মোনে ছিল ডর * সাদা এক মস্ত হাতি বড়া জোরওার ॥ সেথায় থাকিত মনুচেহের বাদসার * আচম্বিতে এক রাতে ওঠে বড়া সোর ॥ শুনিয়া রস্তম তার পুছিল খবর * কিশের আওাজ হয় সোর সারাবত ॥ বয়ান করিল লোকে তার হকিকত * বাদসার সফেদ হাতি তুড়িয়া জিঞ্জির ॥ নেকলিয়া গেছে সেই সহর বাহির * বহুত লোকের তরে মারিয়া ডালিয়া ॥ মস্তহালে চারিদিগে বেড়ায় ঘুরিয়া * এ আওাজ পৌছে জদি রস্তমের কানে ॥ পাহাল ওানী জোস তার আইল ধেয়ানে * শামের গোর্জ্জ হাতে লিয়া রস্তম জওান ॥ বাজারের তরফেতে চলে পাহালওান * নেঘাবান আর জত লোক সেথা ছিল ॥ দরওাজা করিয়া বন্দ কহিতে লাগিল * অন্ধকার রাত একে হাতি ছুটিয়াছে ॥ বাহিরে জাইতে মানা এ সময় আছে * এত সুনি পাহালওান ভরিয়া গোস্বাতে ॥ এক মুক্কি মারি

লেন দরওানের ছেরেতে * এক মুক্কি খেয়ে মরে দরওান বেচারা॥ আর জত লোক ছিল পালাইল তারা * আখেরে ভাঙ্গিয়া সেই দরওা জার জিঞ্জির॥ সেতাব রস্তম মর্দ্দ হইল বাহির * হাতির তরফে গেল হেম্মত করিয়া॥ শেরের মতন মর্দ্দ উঠিল হাকিয়া * যোরে এক তির এয়ছা মারিল তাহায়॥ জমিনে গিরিয়া হাতি মারা গেল ঠায় * হাতিরে মারিয়া সে রস্তম পাহালওান॥ আরাম করিল গিয়া আপনা মকান * হয়রান হইল জাল এতেক শুনিয়া॥ কিন্তু মনে২ রহে খোশাল হইয়া * হাজার শোকর সেই দরগায় আল্লার॥ বজায় আনিয়া মর্দ্দ খোশাল অপার * তলব করিয়া যে রস্তম নামদারে॥ বোছা দিল তার দস্ত বাজুর উপরে * আপনার দেলে কহে নাহিক তাজ্জব॥ নরি মার এওজ লয় হইয়া গজব * নরিমার হাল সোন যত মেহেরবান॥ যে রূপেতে গোজরিলো তাহার বয়ান * আছিল পাহাড় এক নামেতে সেপান্দ॥ আছিল তাহাতে এক পাহাড় বোলন্দ * নেকবক্ত ফেরে দুর হুকুম পাইয়া॥ ঘিরিল নরিমা সেই কেল্লাকে জাইয়া * আচম্বিতে ভারি এক পাথর কেল্লার॥ আশিয়া পড়িল তাহা ছেরে নরিমার * তখনি মগজ তার গেরে নাক দিয়া॥ ওজুদ থাকিয়া জান গেল নেক লিয়া * রস্তমের আগে এহা করিয়া বয়ান॥ কহিতে লাগিল জাল সোন বাবাজান * সেপান্দা পাহাড় দিগে সেতাব জাইয়া॥ নরিমার খুনের দাদ লেহ তুমি গিয়া * এহা শুনি তখনি রস্তম নামদার॥ পাহা ড়ের দিগে জায় লইয়া ছওার*এয়ছাই খবর জদি মাজান্দ্রানে পৌছিল॥ পাহাড় কবজ লিতে রস্তম চলিল * দেলগির হইয়া সাম ভাবিল বিস্তর নাজানি আজার পৌছে রস্তম উপর * সেথাকার জঙ্গ তার আগে যত ছিল॥ একেবারে সবাকারে মৌকুফ রাখিল * বহুত লস্কর মর্দ্দ লইয়া হামরায়॥ রস্তমের কোমকেতে পৌছিল তরায় * জঙ্গি পাহা লওান পিলতন জত ছিল॥ কেল্লার চারিদিগে সবে ঘিরিয়া লইল * সেইথানে তিন সাল এক মাহা সাম॥ কিছু না করিতে পারে করিয়া মকাম * লাচার হইয়া সেথা হইতে জওান॥ রওনা হইল মাজেন্দ্রানে পাহালওান * রস্তমে এ দিগে সাম রোখছত করিয়া॥ তাহার কারনে এয়ছা কহে বোঝাইয়া * ছওদাগরি ভেস তুমি কোরে আপনার॥ জেতে তুমি পারো জদি ভিতরে কেল্লার * তবে কিছু এহার তদবির

সেথা হয়॥ রস্তম স্থনিয়া করে তাহার উপায় * জাইয়া কেল্লার জড় খুদিয়া ডালিব॥ ছারখার করিয়া খাকেতে মেলাইব * এত বলি বানাইল ছওদাগরি বেস॥ পাহাড় তরফে জায় করিয়া খাহেস * কএক উটেতে বোঝা নেমক লইল॥ কেননা কেল্লায় তাহা দরকার হইল * সঙ্গেতে তাহার ছিল জত পাহালওান॥ একে২ উট লিল হৈয়া নেঘাবান * বান্ধিয়া লইল সবে সেলা হাতিয়ার॥ পুসিদায় নেমকের বস্তার মাঝার * কেল্লার দরওাজায় জদি পৌছে নামুওর॥ তাহার ছরদারে এই হইল খবর * আসিয়াছে ছওদাগর নেমক লইয়া॥ কহে সে এখনী তারে আন বোলাইয়া * হুকুম পাইয়া তার লোক ছওদাগরে॥ তখনি লইয়া গেল কেল্লার ভিতরে * ছওদাগর আইল শুনে কেল্লার তামাম॥ আসিয়া সকলে জমা হৈল খাছ আম * দিন গোজারিয়া গেল রাত্র অন্ধকার॥ জেথা জার ঘর ছিল গেল আপনার * কেল্লার মালেক জেথা আছিল সেথায়॥ জঙ্গের এরাদা করে রস্তম আপনায় * বড়া হাক মন্দরে এয়ছা আওাজ হইল॥ তাহার জতেক লোক শুনিতে পাইল * গজব করিয়া আইল জত পাহালওান॥ হাকিতে লাগিল জেন গরজে আছমান * মকাবেলা খাড়া হৈল কোত ওয়াল কেল্লার॥ লড়াই আগুন সেথা হইল গোলজার * কেল্লার ছেপাই সব খবর পাইয়া॥ জঙ্গ করিবারে খাড়া হইল আসিয়া * চলিল সমসের গোর্জ্জ নেজা ও খেদঙ্গ॥ ফজর লাগাত সেথা লাগে বড় জঙ্গ * সেশেতে ছরদার তার কতল হইল॥ বাকি জতো লোক জনে ভাগেল পড়িল * রস্তমের লোক জত কেল্লাকে লুটীয়া॥ মাল আছবাব সব লিল ওঠাইয়া * আজব রূপের চিত সেথাকার ছিল॥ মানুষ নজর তাহা কভু না দেখিল * কেল্লার মালেকের মকাম জেই খানে॥ তখনি রস্তম গিয়া পৌছিল সেখানে * দেখিল সে ঘর বানাইল পাথরেতে॥ লোহার দুওার তার আছে চারিভিতে * আর এক দেখে তায় গোম্বজ সোনার॥ কি কহিব খুবি তার অতি চমৎকার * কহিতে লাগিল এয়ছা দেখে পাহালওান॥ একাম করিতে কভু নারিবে এনছান * রস্তম এক নামা ফের জালের হুজুরে॥ লিখিল মতলব এই তাহার ভিতরে * ফতে করিলাম আমি এয়ছা কেল্লা জায়॥ আছমান হইতে পারে বরাবর তার * জেমন হুকুম হয় আনী

বাজাইয়া ॥ হেথা এবে থাকি কিবা পৌছি সেথা গিয়া * জাল জবে এই খত পড়িল নামাতে ॥ শাদগাম হৈল মর্দ্দ ভরিল খুসিতে * লিখিল জওাব তার সোন বাবাজান ॥ দুস্মনের চক্ষু হৈতে রহিবে আমান * কয়েদ করিলে তুমি এমন কেল্লারে ॥ হাজার তারিফ তেরা বাজুর উপরে * বড়ই আমার দেল হইল খোসাল ॥ আর নরিমার রূহ হইল নেহাল * আগ লাগাইয়া কেল্লা করিয়া খারাব ॥ সেথায় থাকিয়া হেথা আসিবে সেতাব * দেখিতে তোমায় সওক হইয়াছে মেরা ॥ মুস্কিল হইবে মুঝে জোদাইতে তেরা * উট জত আছে বাবা নজদিগে তোমার ॥ মালমাত্তা আনো তাতে করিয়া ছওার * এই নামা পাইল জদি রস্তম জওান ॥ রওানা হইল মাত্তা লিয়া শিস্তান * খুশিতে ভরিয়া জাল আগু বাড়াইয়া ॥ রস্তমে আনিল গিয়া ছাতি লাগাইয়া * রস্তমে দেখিয়া জাল খোশাল অন্তরে ॥ নেহার করিল মাল তাহার উপরে * তাহা বাদে ফতে মন্দি খবর লিখিয়া ॥ শামের হুজুরে তাহা দিল পাঠাইয়া * মাঙ্গাইয়া তরোহ তহফা পাকিজাত ॥ আনিয়া রস্তম তাহা ভেজে তার সাত * নামা পেয়ে সাম জবে পড়িল তাহায় ॥ খোশাল হইয়া ছের চক্ষেতে লাগায় * হাছেল হইল তারে এত্তা সাদমানী ॥ দেলেতে মুঝিল তাজা হইল জওানী রস্তমের নামা জবে সুনিল সকলে ॥ ইরানের জত লোক খুসি হৈল দেলে * ওম্মেদ হইল এই দেলে সবাকার ॥ বদ লোক জত এবে হবে ছারখার * হেথাকার কথা এবে এখানে রাখিয়া ॥ ছোহরাবের পয়দাস কিছু সোন মন দিয়া *

* ছোহরাবের পয়দায়েশের বয়ান *

* পয়ার ছন্দ *

এক দিন খুসি হালে রোস্তম জওান ॥ শেকার করিতে আপে ময়দানেতে জান * হরিণ মারিয়া এক কাবাব করিয়া ॥ সিক লাগা ইয়া খায় আছুদা হইয়া * ঘোড়াকে ছাড়িয়া দিল চরিতে ময়দানে ॥ আরাম পাইয়া মর্দ্দ সুইল সেখানে * কতেক ছেপাই সেথা তুরকির আইল ॥ বড়া হোসমন্দ তারা যোরওার ছিল * আচানক ঘোড়ার পরে কামন্দ ডালিল ॥ রোস্তমের ঘোড়াকে ধোরে লইয়া চলিল *

থোড়া দুর গিয়া ঘোড়া কামন্দ তুলিয়া ॥ দাতে লাতে কতো জোনা ডালিল মারিয়া * তবু না ছাড়িল তারে তুরকি ছওয়ার ॥ বেন্দে ছেন্দে লিয়া জায় দেশে আপনার * ভাল এক মাদওান ধরিয়া আনিল ॥ সেই ঘোড়ার সাতে তারে জোপ্ত দেলাইল * এথানে রোস্তম জবে জাগিয়া উঠিল ॥ তালাস করিয়া জবে ঘোড়া না পাইল * পায়ের নেশান তার ধরিয়া চলিল ॥ ছামন গায়েতে মর্দ্দ জাইয়া পৌছিল * সাম গার সাহা তার খবর পাইল ॥ পাহালওান রোস্তম হেথা আসিয়া পৌছিল * পেয়াদা পায়েতে বাদসা রস্তম হুজুরে ॥ জাইয়া কহেন এই শুন নামদারে * তোমার খায়ের খুবি দরগায় আল্লার ॥ ছোবে সাম মাঙ্গি দোওা জানে পরওার * এথানে আইলে তুমি কেমন করিয়া ॥ রস্তম বলেন তবে গোস্বায় ভরিয়া * তোমার লোকেরা মেরা ঘোড়া হেথা আনে ॥ তাহার নেশান মুঝে মিলিল এথানে * ঘোড়া মেরা জেথা থাকে দেহ নেকালিয়া ॥ নহেত আফত হবে তোমার লাগিয়া * এতেক শুনিয়া বাদসা কহেন তাহারে ॥ গোস্বা না হইবে তুমি আমার উপরে * মেহের করিয়া আপে আমার ডেরেতে ॥ দেল খোসালিতে রহ আজিকার রাতে * রহিবে খাতের জমা ঘোড়ার লাগিয়া ॥ ফজরে তোমার কাছে দিব পৌছাইয়া * রস্তম এতেক শুনি খোসাল হইল ॥ সামগার বাদশার মেহমান হইল * মৌজুদ করিল সাহা চঙ্গ ও রোবাব ॥ খালেছ সরাব আর গজক কাবাব * চঙ্গ ও রোবাব বাজে বিন কত ভাতে ॥ ছেতার তবলা কতো লাগিল বাজিতে * সারাব পিইয়া সবে নাচিতে লাগিল ॥ দেখিয়া তামাম লোক খুসিতে ভরিল * এই রূপে আধা রাত গেল গোজরিয়া ॥ খানা পিনা খেয়ে সবে গেলেন চলিয়া * জার যে চলিয়া গেল আপনার ডেরে ॥ নেরালা মহল দিল রোস্তমের তরে * পাহালওান সোএ সেই ঘরের ভিতর ॥ চারিদিগে চেয়ে দেখে করিয়া নজর * হেন কালে পাহালওান পায় দেখিবারে ॥ নাজনী এক বোসে আছে পরদার বাহিরে * ছুরত জামাল বিবি জওানী বাহার ॥ হুরপরি মোহ জায় রূপ দেখে তার * কিঞ্চিত বয়ান তার সুনহ সকলে ॥ দরবেশ দেওানা হয় নয়নে দেখিলে * পুর্ণিমার চন্দ্র জেন হইল উদয় ॥ রূপের জোতেতে চারিদিগে আলো হয় * চেহেরা চমকে তার মেছেল আইনা ॥ আশক হইলদেখে রোস্তম মর্দ্দানা * পুছিল

কে বটে তুমি কিবা তেরা নাম ॥ শুনিয়া কহিল বিবি এয়ছাই কালাম* ছামগা বাদসার বেটী আমি অভাগিনী ॥ সাদি না হইল মেরা থাকি একাকিনী * তহমিনা আমার নাম সোন নামদার ॥ কি কব আপনা হাল হুজুরে তোমার * শুনিয়া তোমার নাম মুদ্দত হইতে ॥ দেওনা মেছাল থাকি আপনা দেলেতে * ছবর করিয়া রহি দেলে আপনার ॥ কতদিন বাদে পাইনু তোমার দিদার * তোমা বিনে সাদি আমি না করিব কারে ॥ আরজু বহুত আছে দেলের ভিতরে * একারণে বাপ মেরা কত পাহালওানে ॥ জাসুশিতে ঠাই ঠাই রাখে জনে জনে * ঘোড়াকে পাইয়া একা জত পাহাওান। আনিল ধরিয়ে তারে হইয়া হয়রান * এথানে আইলে তুমি আল্লার মেহেরে ॥ হাজার সোকরানা ভেজি আল্লার দরবারে * সুনিয়া তোমার নাম আইনু চলিয়া ॥ কহিনু তামাম হাল বয়ান করিয়া * রাত গোজরিয়া জবে হইবে ফজর ॥ আমার দরখাস্ত করো বাপ বরাবর * তোমাকে জেয়াদা চাহে আমাকে হইতে ॥ ছের না ফেরাবে সাহা তোমার নামেতে* এতেক বলিয়া ঘরে গেলেন রূপসী ॥ রোস্তম মনেতে বড়া হইলেন খুসী * রাত গোজরিয়া জবে হইল ফজর ॥ বাদসাকে ভেজল মর্দ্দ বিবীর খবর * এতেক শুনিয়া সাহা খোসাল হইয়া ॥ সাদির হুকুম দিল উজিরে ডাকিয়া* তৈয়ার করিয়া জত ছামান সাদির ॥ বাদসার হুজুরে সব করিল হাজির * আপনার দেসের চলন মতে সাহা ॥ রোস্তম তহমিনা সাতে দেলাইল বেহা * খানা পানী খেলাইল জেমন দস্তুর ॥ খেলাত আনিল কত দুলার হুজুর * মিনতী করিয়া সাহা পাহালওানে কহে ॥ তোমার লায়েক বাবা এই চিজ নহে * এগানা বেগানা জত আছিল হাজির ॥ খোসাল হইল দেখে রোস্তম খাতির * সবাকার সাতে মর্দ্দ মিলীয়া জুলিয়া ॥ তহমিনা বিবীর কাছে গেলেন চলিয়া* জার জে চলিয়া গেলো আপনার ডেরে ॥ আরাম করিল বাদসা খোসাল অন্তরে * তহমিনার সাতে জদি হইল মিলন। রসের নদীতে বান আইল তখন * মত্ত হয়ে দুইজন কামের তরঙ্গে ॥ নানা মতে খুসি করে মিসে অঙ্গে অঙ্গে * এইরূপে সারারাত গেল গোজরিয়া ॥ ফজর হইতে মর্দ্দ উঠিল যাগিয়া * সেই রাতে তহমিনার হইল হামেল ॥ শুনিয়া রোস্তম বড়ো খোসালিত দেল * শাম নরিমানের এক মোহরা আছিল ॥ সেই মোহরা নেকালিয়া তহমিনাকে দিল

ফের এইরূপে কয় ॥ হামেলেতে তেরা জদি বেটা লাড়কা হয় * এই মোহরা বাজুপরে বান্দিবে তাহার ॥ বেটি জদি হয় চুলে বান্দিবে মাথার পুছিল তহমিনা বল এহার খাছলত ॥ রোস্তম বয়ান করে তার হকি কত * জাহার নিকটে এই মোহরা থাকিবে ॥ শের নর তার মকাবেলা না করিবে * রোস্তম এতেক বলি মাঙ্গন বিদায় ॥ শুনিয়া তহমিনা বিবী কেন্দে২কয় * আমাকে রাখিয়া একা চলিলে আপনি ॥ তোমা বিনে কেমনে রহিব একাকিনী * পাহলওান বোঝাইলেন বিবির কারনে ॥ ছবর করিয়া বিবি রহিলেন মনে * রোস্তম আপনা ঘোড়া লিল মাঙ্গাইয়া ॥ ছাওার হইয়া আপে জায় নেকলিয়া * আপনার ডেরেতে গেলেন পাহালওান ॥ রহিল তহামনা বিবি দেল পেরেসান * এইরূপে নয় মাস গোজারিয়া গেল ॥ ছুরত জামাল এক লাড়কা পয়দা হৈল * মোটা তাজা লাড়কা খুব দেখিতে সুঠাম ॥ ছোহরাব বলিয়া বিবি রাখে তার নাম * পালন করেন বিবি জতন জে করি ॥ খুসি হালে মহলেতে থাকেন সুন্দরি * এক মাসের জেই ওক্তে হইল ছাওাল ॥ দেখিলে মালুম হৈত জেন তিন সাল * এইরূপে এক সাল গোজরিয়া জায় ॥ ছোহরাব ময়দান বিচে ছুটিয়া বেড়ায় * পাচ বচ্ছরের লাড়কা যে ওক্তে হইল ॥ চৌগান ও গেন্দ লিয়া খেলিতে লাগিল * দশ বচ্ছরের লাড়কা জে ওক্তে হইল ॥ কত পাহালওান দেখে ডরে ডরাইল * হোতা সে রোস্তম মর্দ্দ জাবল হইতে ॥ কোন লোকে ভেজে ছিল খবর জানিতে * দুই লাল তিন দানা এয়াকুতের দিয়া ॥ তহমিনা বিবির কাছে দিল পাঠাইয়া * বিবির হুজুরে মর্দ্দ এই সমাচার ॥ তাকিদ করিয়া লিখে ছিল বারেবার * বেটা পয়দা হইয়াছে কিবা হৈল বেটি ॥ এহার খবর মোরে লিখিবেন খাটী * [illegible] রওানা হৈল সেই খত লিয়া ॥ কত দিনে সামগায়ে পৌছিল জাইয়া * সেই খত পেয়ে বিবি লাগায় আখেতে ॥ তাহার জওাব বিবি লেখে এই মতে ॥ পাহালওানে ভাড়াইয়া লিখিল এয়ছাই ॥ বেটি পয়দা হইয়াছে হুজুরে জানাই * বিবির পাইয়া রোকা রোস্তম জবরদার ॥ বহুত হইল খোস দেলে আপনার * হেথা সে ছোহরাব বসি তহমিনার কাছে ॥ নরম জবানে এহা মাতারিকে পোছে * কোথানে আমাকে সবে পোছে ছোবে শাম ॥ কাহার ফরজন্দ তুমি কিবা তোমা নাম * কি কহিব আমি কিবা বাতাইব তারে ॥ এতেক শুনিয়া

বিবি কহেন বেটারে * তোমার বাপের নাম রোস্তম জওান ॥ কাতর জাহার হাতে তামাম জাহান * জত ওাহালওান আছে দুনিয়া উপর ॥ জোরে কেহ নাহি আটে তার বরাবর * তাহা বাদে কহে সেই ছুরত জামাল ॥ তারিফ করিয়া শাম নরিমান জাল * শুনিল ছোহরাব জদি খবর নেহাত ॥ দেলে দেলে আপনার ভাবে এই বাত * কোন লোকে ভেজি আমি হুজুরে বাপের ॥ খবর পৌছায় সদা দোন তরফের তহমিনা শুনিয়া কহে সোন বাবাজান ॥ এমন খেয়াল দেলে না কর ধেয়ান * শুনিলে তোমার নাম রোস্তম জওান ॥ তলব করিলে আমি হবো পেরেশান * এহার সেওায় সেই আফরাশিয়াব ॥ করিল তোমার বাপে জাহাকে খারাব * কিনা রাখে সেই তেরা বাপের সাতেতে ॥ একিন জানিবে তুঝে না ছাড়িবে পথে * তোমাকে লাজেম এহা সোন সমাচার ॥ নাকর জাহের নাম বাপের তোমার * ছোহরাব এতেক শুনি এই রূপে কয় ॥ এই বাত মেরা দেলে পছন্দ না হয় * পুসিদায় না রাখিব নাম জে বাপের ॥ ডর নাহি রাখি আমি কাহার খাতের * তুরকি ছওার আর জত নামদার ॥ সাজাইয়া লিয়া জে লস্কর আপনার * কাউছের তক্ত ফের ছেনাইয়া লিয়া ॥ তুস পাহালওানের নাম দিব মেটাইয়া * বসাইয়া রস্তমের তক্তের উপর ॥ ইরান দেশের তারে করি নামুওার * আফরাসিয়াব জেথা সেখানে জাইয়া ॥ তক্ত তাজ তার আমি লিব ছেনাইয়া * আমি ও বাপ জদি হই দুইজনে ॥ দুনিয়াতে বাদসা নাহি রহে কোন থানে * এতেক শুনিয়া তবে তহমিনা সুন্দরি ॥ কান্দিতে লাগিল আখে বর্সে জেন বারি * আফছোছ করিয়া বিবি কান্দিয়া২ ॥ ছোহরাবের তরে কত কহে বোঝাইয়া * না কর দেলেতে তুমি এরাদা এয়ছাই ॥ আমার কছম তুঝে আল্লার দোহাই * আগ এয়ছা গরম হইয়া ছোহরাব ॥ তলব করিল মর্দ্দ ঘোড়াকে সেতাব * আস্তাবলে ঘোড়া জেথা আছিল তামাম ॥ বাধা ছিল ঘোড়া তার কত তেজগাম * দেখাইয়া দিল তাহা ছোহরাবের তরে ॥ একে একে সবাকারে দেখিল নজরে * পছন্দ নাহয় তারে কোন ঘোড়া তার ॥ ছওারির লায়েক নাহি দেখে আপনার * জাহার পিঠের পরে রাখে মর্দ্দ হাত ॥ পেট সে ঘোড়ার লাগে জমিনের সাত * রথসের পর দাস জেই আছিল বাছেরা ॥ তাহার আগেতে মর্দ্দ হৈল গিয়া খাড়া * সে ঘোড়াকে দেখে হৈল খোসাল হাজার ॥ বলিল এ

ঘোড়া হবে লায়েক আমার * কেননা সে বাচ্চা বড়া চালাক আছিল ॥ বড়া খুবছুরত ঘোড়া জোরওার ছিল * ছোহরাব হইয়া খুশি দেলে আপনার ॥ কুদিয়া ঘোড়ার পরে হইলো ছওার * কবিকার বলে দেখ ছোহরাব জওান ॥ না মানিয়া কারো বাত চলিল ইরান *

* ছোহরাব কাউছের সাতে লড়িবার এরাদায় রাহায় কেল্লা
মতিনকে ফতে করে এহা কাউছ সুনিয়া রোস্তমকে
জাবল হইতে মাঙ্গায় তাহার বয়ান *

পয়ার * ছোহরাব ইরানের এরাদা করিয়া ॥ লড়াই ছামানা জত লিল মাঙ্গাইয়া * জেরা পিন্দে জঙামর্দ্দ জঙ্গি পাহালওান ॥ জমা হৈল বড়২ চুনেন্দা জওান * ছোহরাব এরাদা এয়চা করিল দেলেতে ॥ লড়াই করিব এবে কাউছের সাতে * তাজ আর তক্ত তার ছেনাইয়া লিয়া ॥ আমার বাপের ভরে দিব জে শুপিয়া * ইরান দেশেতে তারে করিব ছরদার ॥ আর যত বাদসা হবে খেদমত গোজার * খোসাল হইয়া জত তুরানি তাহার ॥ কহিতে লাগিল তারে সুন নামদার * জান দিতে খেদমতে হাজের আছি সবে ॥ জেন্দা না ছাড়িব মোরা কাউছেরে এবে * এহার আহওাল সুনে আফরাসিয়াব ॥ ভেজিহ পয়গাম তারে এয়ছাই সেতাব * আমার তুস মন সেই কাউছ ছোলতান ॥ আরজ আমার এই শুন পাহালওান * কিনা দেলে কোঁয়র বান্ধিনু মোরা চোস্ত ॥ ইরানে এরাদা জদি করিলে দোরস্ত * তবে আমি আছু তেরা এয়ার হইয়া ॥ বহুত লস্কর এবে দিব পাঠাইয়া * পরে আফরাসিয়াব যে লস্করে ডাকিল ॥ দুই নামদারে তার ছরদার করিল * শুন সেই দুই জোনার নামের বয়ান ॥ এক জন হুমা দুছরা বারেমান * আফরাসিয়াব দোহে লাগিল কহিতে ॥ এই বাত ইয়াদ জে রাখিবে দেলেতে * ছোহরাব রোস্তম জেন ওয়াকেফ না হয় ॥ রোস্তম চিনিতে জেয়ছা না পারে তাহায় * বাপ হৈতে বেটা আর বেটা হৈতে বাপ ॥ কোন মতে দুই জনে না হয় মেলাপ * ছোবে সাম এই বাতে কোশেস করিয়া ॥ দুনিয়ার রবে জেন নাজায় মিলিয়া * জে রূপেতে ছোহরাব রোস্তমের [illegible] ॥ জঙ্গ হয় মছলত করিবে দেলেতে * বড়া জোরওার দেখি ছোহরাব [illegible]ের ॥ বাপকে করিতে পারে ঘড়ি একে জের * মহিমের কালেতে রোস্তম জদি মরে ॥ ছোহরাবে মারিব তবে কোন তদবিরে * এই দুই জঙ্গি জদি মরিল আখের ॥ তবে কার সাদ্ধ ফের

রহে লড়ায়ের * ইরানের ফতে করা হইবে দুসওার ॥ হালাক হইবে তবে দুসমন আমার * এই মছলেহত করি আফরাসিয়াব ॥ ছোহ রাবের আগে ভেজে লস্কর সেতাব * এহার ছেওায় আর কত মাল গঞ্জ ॥ পাঠাইয়া দিল কিছু না করিল রঞ্জ * বহুত লস্কর লিয়া ছোহরাব জওান ॥ নেকলিয়া জায় মর্দ্দ তরফে ইমান * রাহা মধ্যে এক কেল্লা বড়া ওস্তওার । হাজির বলিয়া নাম আছিল ছরদার * একেলা আইল মকাবেলায় নেকলিয়া ॥ লড়িতে ছোহরাব সাতে মায়েল হইয়া * তলব করিল জদি ছেপাহি পাহালওান ॥ ছামনে তাহার গেল ছোহরাব জওান * তাহারে পুছিল মর্দ্দ কিবা তেরা নাম ॥ বয়ান করিয়া কহো শুনহ কালাম * আপনার নাম তারে বাতায় হাজির ॥ বড়া জোর বাজু মেরা আলমে জাহির * তন হৈতে ছের জোদা করি তেরা এবে ॥ এত বলি নেজা সেহ চালাইল তবে * মারিল ছোহরাব পরে এয়ছাই জোরেতে ॥ হেলাইতে নাহি তারে পারে জিন হৈতে * তাহাবাদে ছোহরাব চালাকি করিয়া ॥ এক নেজা মারে তার রান তাকা ইয়া * জিন হৈতে ওঠাইয়া জমিনের পরে ॥ পটকান মারিয়া ফেলে তাহার খাতেরে * বান্দিয়া লইল তারে ছেপাই আসিয়া ॥ লস্করের বিচে রাখে কয়েদ করিয়া * কাজদা হাম বোলে নাম এক পাহালওান ॥ আছিল সেথায় তার সোনিহ বয়ান * তার এক বেটি ছিল হুর পরি জিনি ॥ তারিফ করিতে নারি বয়েস জওানি * পাহালওানী ফন্দে বিবি এয়ছা বেনজির ॥ আকেল হুনর মন্দ ছিল অতি থির * গের্দ্দ আফ রিদ জে বলিয়া তার নাম ॥ হুনর জঙ্গের ছিল এয়াদ তামাম * শুনিল জখন বিবি পাহালওান হাজির ॥ মহিমের কালে গেল লড়াই খাতির * মর্দ্দানা লেবাছ পিন্দেহইয়া তৈয়াব ॥ ঘোড়া পরে হৈল বিবি জাইয়াছওার * সেতাবি ময়দান বিচে আইল কুদিয়া ॥ পাহালওান মর্দ্দ জেয়ছা জঙ্গের লাগিয়া * বিবি জবে হাকিয়া আইল ময়দানেতে ॥ ছোহরাব দেখিয়া তারে রহে হয়রানেতে * দেলেতে ভাবেন মর্দ্দ হইবে আওরত ॥ কিম্বা কোন লাড়কা হবে এই জে আলবত * সেইক্ষ আওরত ফের ছোহরাবের দিগে ॥ তাকাইয়া তির এক মারে তার আগে * এয়ছাই বেহুদা তির লাগিল মারিতে ॥ দেখিয়া ছোহরাব ঢাল ছামনেতে পাতে * কুদিয়া ছোহ রাব তারে নেজায় গাথিয়া ॥ জিন হৈতে জমি পরে দিল গেরাইয়া * কিম্ভু সেহ বিবি ফের খেচিয়া তলওার ॥ নেজাকে কাটীয়া দুইখান

কৈল তার * ছওার হইল ফের জাইয়া ঘোড়ায় ॥ হেক্ষত করিয়া বিবি আগে তার জায় * জঙ্গামর্দ্দ এয়ছা জবে আইল নজরে ॥ ময়দানে ছোহরাব তবে মছলেহত করে * কামান্দ ডালিয়া তারে বন্দ জে করিয়া ॥ জিন হৈতে সন্ন ভরে লিল ওঠাইয়া * গিরিল মাথার তাজ জমিনের পরে ॥ খুলিল মাথার চুল বান্দা ছিল ছেরে * চন্দ্র হেন মুখ জবে হইল রওশন ॥ ছোহরাব আশক হৈল দেখিয়া বদন * ছোহরা বের তরে বিবি লাগিল কহিতে ॥ খালাছ আমায় জদি করো বন্দ হৈতে * মাল গঞ্জ আমি তবে দিবো বোসোমার ॥ এক্তেয়ার আছে মেরা কেল্লার মাঝার * লেঙডি হইয়া তেরা খেদমত করিব ॥ হুকুম করিবে জাহা বজায় আনিব * কওল করার খুব মজমুতে লইয়া ॥ ছোহরাব তারে ফের দিলেন ছাড়িয়া * কেল্লা বিচে গেল জবে নাজুক বদনী ॥ বাপ ও ভায়ের আগে কহিল তখনি * জে কিছু মাজেরা তার করিল বয়ান ॥ সুনিয়া মছলত তারা করিল নিদান * ভালাই না দেখি তার কেল্লার বিচেতে ॥ এতেক ভাবিয়া সবে ভাগে সেই রাতে * বেহান হইতে ভানু হইল উদয় ॥ কেল্লাতে আওাজ কারো শুনিতে নাপায় * দরওাজা ভাঙ্গিল তবে তখনি জাইয়া ॥ ভিতরে ছোহরাব গিয়া দেখে তাকাইয়া * না পাইল কোন ঠাই সোকের নিশান ॥ না পায় খুজিয়া সেই বিবির সন্ধান ॥ মাসুকেরে না পাইয়া ছোহরাব মর্দ্দানা ॥ পেরেশান হৈল মর্দ্দ দেলেতে আপনা * লস্কর লইয়া মর্দ্দ রহিলেন হেথা ॥ কাজদা হাম ভেগে জায় শুন তার কথা * কাউছের আগে গিয়া কাজদাহাম ছরদার ॥ কহিতে লাগিল এই শুন নামদার * তুরান হইতে কয় জওান আইল ॥ শাম নরিমান এয়ছা তারে জানা গেল * আজব তামাশা তার লাড়কাই উম্মর ॥ চৌদা বরছ সেন হবে জোরওার * পিলতন পাহালওান বড়ই ছেপাই ॥ সের নর তার মতো দুনিয়ায় নাই * মোকাবেলা হইল জবে হাজির জওান ॥ বান্দিয়া লইল তারে ঘাশের সমান * গের্দ্দ আফরিদ বিবী গেল ফের জবে ॥ না ওম্মেদ হৈয়া ফিরে আইলেন তবে * মছলে হত এই এবে শুন নাম দার॥গাফেল না রবে করো ফেকের এহার *এতেক শুনিয়া সাহা গমগিন হইল ॥ রস্তমেরে নামা ফের এয়ছাই লিখিল * শুন মর্দ্দ পিলতন রোস্তম ছরদার ॥ জাহান কবজ তেরা হাতে নামদার * ইরানী লোকের তুমী আছো পোস্তপানা॥ছরদার লোগের তুমি ছরদার ॥ তুরান হইতে কয় জওান আইল ॥ শাম নরিমান এয়ছা তারে জানা গেল * আজব তামাশা তার লাড়কাই উম্মর ॥ চৌদা বরছ সেন হবে জোরওার * পিলতন পাহালওান বড়ই ছেপাই ॥ সের নর তার মতো দুনিয়ায় নাই * মোকাবেলা হইল জবে হাজির জওান ॥ বান্দিয়া লইল তারে ঘাশের সমান * গের্দ্দ আফরিদ বিবী গেল ফের জবে ॥ না ওম্মেদ হৈয়া ফিরে আইলেন তবে * মছলে হত এই এবে শুন নাম দার॥গাফেল না রবে করো ফেকের এহার *এতেক শুনিয়া সাহা গমগিন হইল ॥ রস্তমেরে নামা ফের এয়ছাই লিখিল * শুন মর্দ্দ পিলতন রোস্তম ছরদার ॥ জাহান কবজ তেরা হাতে নামদার * ইরানী লোকের তুমী আছো পোস্তপানা॥ছরদার লোগের তুমি ছরদার ॥

জালায় তেরা নেজা তলওার॥ মুল্লুক কবজ করে গোজ্জে যে তোমার* তাকিদ চলিয়া তুমি আইস নামদার ॥ তুরাণ হইতে এক আইল ছওার* জঙামর্দ্দ শের পাঞ্জা ছোহরাব নাম ॥ তার হাতে জের আছে জওান তামাম * বড়া পাহালওান মর্দ্দ বড়া জোরওার ॥ সাচার তামাম লোক যোর দেখে তার * তোমার মতন কেহো নাহি পাহালওান ॥ ফতেমন্দি হবে তেরা বুঝিনু নিদান * তৈয়ার করিল জখন লেখন লিখিয়া ॥ গেওকে দিলেন শাহা মোহর করিয়া * নামাকে পাইয়া গেও হইল রওানা ॥ বাদসার ফরমান পেয়ে চলিল মর্দ্দানা * সেথায় জাইয়া নামা রোস্তমেরে দিল। পাহালওান রোকা পোড়ে হয়রান হইল * গেও পাহালওানে পোছে করহো বয়ান ॥ ছুরত শেকেল তার কেমন জওান* এই কথা সকলেতে কহে খাছ আম ॥ ছুরত শেকেল তার মেছালেতে শাম * ভাবিতে লাগিল দেলে পিলতন এহা ॥ ছামগাঙ বিচে আমি কোরে ছিনু বেহা * সে বিবীর লাড়কা বুঝি হইল পেটেতে ॥ হামেল হইয়া ছিল আমার ছোহবতে * লাড়কা আমার বুঝি হবে সে জওান ॥ শামের রূপ কহে জারে তামাম জাহান * ফের দেলে খেয়াল করেন নামুওর ॥ বেটী পয়দা হই আছে আই ন খবর * মাতারি তাহার ঝুট কিসের লাগিয়া ॥ লিখিবে রোকায় বেটি বেটা ছেপাইয়া * গেও পাহালওান ফের রোস্তমের তরে ॥ কহিতে লাগিল এয়ছা শুন নামদারে * বাদসার হুকুম এই তাকিদ করিয়া ॥ আসিয়া পৌছিবে হেথা রস্তমে লইয়া * রোস্তম কহিল কেন এত বেকারার ॥ থোড়াসা শারাব লাল পেও একবার * এতো বলি পাহালওান মজলেছ খুশির ॥ তৈয়ার করিল মর্দ্দ খোশাল খাতির * সাত দিন করে খুসি মজলেছে বসিয়া ॥ সারাব কাবাবে রহে মস্তহাল হৈয়া * আটঙা রোজেতে গেও কহে এই বাত ॥ বয়ান করিয়া ফের রোস্তমের সাত* দেরিকরা নহে এবেলাজেম তোমায়॥ বাদসার হুকুম চাই আনিতে বজায় * এতো শুনি পাহালওান কহে আরবার ॥ কিছু না আন্দেশা করো দেলে আপনার * আমার জোরের আগে কেহনা আটিবে ॥ কোন পাহালওান বলো মেরা জোট হবে * ঘোড়া কোদাইব জবে জাইয়া ময়দান ॥ নাহিক রহিবে ফের ছোহরাবের নেশান*থাক আর দুই দিন এই মকামেতে ॥ শারাব কাবাব খাও মিলে এক সাতে * দশ দিন হৈলো জবে ছামান করিয়া ॥ লস্কর ছেপাই কতো লিলো জমাইয়া * রওানা হইল জদি রোস্তম ছরদার ॥ চলিল তাহার

সাতে জতো নামদার*জাওারা আছিল ছোটা ভাই রোস্তমের ॥ তাহারে লইল সাতে খোশাল খাতের*মঞ্জেল২ রাহা জায় সেকলিয়া ॥ বাদসার সহরে শেসে পৌছিল জাইয়া * গেও রোস্তমে দেখে বাদসা নামুওর ॥ গোশ্বায় হুকুম করে তুসের উপর * হাত পাঙ বান্দ এর মজবুত করিয়া ॥ শুলির উপরে ওরে দেহ চড়াইয়া * কি কারনে এত দেরি সেখানে করিল ॥ আমার হুকুম নাহি বজায় আনিল * জোরওার ছিল সেই তুশ নামদার ॥ খাড়া রহে ডর পেয়ে দেলে আপনার*তুশ পরে কহে বাদসা গজব করিয়া ॥ শুলেতে চড়াও এবে দোহাকে ধরিয়া * তুশ আপনার দেলে হইয়া লাচার ॥ রোস্তমে ধরিতে হাত ডালে আপনার * রোস্তম তাহার হাত ঝটকা মারিয়া॥ শেরের মতন মর্দ্দ উঠিল হাকিয়া*পাহাল-ওান বলে কেবা ধরে মোর তরে ॥ এমন তাকত কার চড়াইবে দ্বারে * বুঝিতে না পারে এহা নাদান কাউস ॥ মেরা আগে কোন ছার হবে এই তুশ * আল্লার ছেওায় আমি নাহি ডড়ি কারে ॥ জত আছে পাহালওান দুনিয়ার পরে * বাদসার তরফে মর্দ্দ খাড়া জে হইয়া ॥ কহিতে লাগিল এহা গোশ্বায় ভরিয়া * গরম না হবে তুমি এবে নামদার ॥ বেফায়েদা করা এই গজব তোমার * ছোহরাবে এখনী তুমি দ্বারেতে খেচিয়া ॥ দুস্মনেরে মার শাহা খারাবি করিয়া * বেফায়েদা জুলুম করিলে এক্তিয়ার ॥ শাহি তক্ত তাজ তুঝে নাহি সাজে আর * গোস্বার আতশ জদি তেজ হয় মেরা ॥ জালাব বাদসাই তেরা ঘাস হেন ছারা * বড়া বড়া পাহালওান কত নামদার ॥ এয়ছাই কহিতো তারা হুজুরে আমার * তাজ শাহি রাখো তুমি আপনার ছেরে ॥ হুকুম চালাও তুমি ইরানির পরে * কিন্তু সে কবুল আমি না করি দেলেতে ॥ জেন্দেগির আস নাহি বুঝিনু মনেতে * কবুল করি তুন জদি তাজ শাহি আমি ॥ ভক্ত তাজ কোন রূপে না পাইতে তুমি * আক্কেল মাফিক সাজা হইল আমার ॥ নছিবেতে ছিল মেরা কি দোষ তোমার * এতেক বলিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িয়া ॥ রওনা হইয়া গেল জাবলে চলিয়া * পেরেশান হৈয়া জদি গেল পাহালওান ॥ বেদেল হইল জতো লস্কর নিদান * গোদ রুস্ত পাহালওান এতেক সুনিয়া ॥ কাউশ বাদসার কাছে গেলেন চলিয়া * এয়ছাই কহিল গিয়া সুন নামদার ॥ কি কাম করিলে আএ বাদসা জাহাদার * করিলে জে পেরেশান রোস্তমের তরে ॥ মনাছেব

নহে এহা বলিনু তোমারে * শরমেন্দা হইল বাদসা গোদরজের বাতে ॥ ওজর করিয়া এয়ছা লাগিল কহিতে * দের না করিবে এবে শেতাবি জাইয়া ॥ রোস্তমে আনিবে হেতা দেলা সাজে দিয়া * এতো সুনি গোদরজ রওানা হইল ॥ রোস্তমের আগে গিয়া কহিতে লাগিল * তোমাকে মালুম ও জাহের আছে এই ॥ খালি আছে কায়কাউস হইতে দানাই * তমিজ তাহার নাই বেকুফ নাদান ॥ জাহা মুখে আইসে কহে বুঝিনু নিদান * কাউস আপনী ফের পেরেশান হৈয়া ॥ ওজর বহুত করে কওল করিয়া * তুমি জদি নাখোশ হইবে শাহা হৈতে খারাবি হইবে ছারা ইরাণ বিচেতে * এই মত কহে আজদাহাম পাহা লওান ॥ বড়া জোরওার সেই ছোহরাব জওান * কোন পাহালওান এয়ছা নাহি তার পারা ॥ মকাবেলা করে গিয়া ময়দানেতে তারা * খোদার জানেব হৈতে সুন নামুওর ॥ মেহের করিয়া আপে ইরানি উপর * জত ছরদারের আছো তুমি পোস্তপানা ॥ তোমার কোমকে কারো না আছে ভাবনা * এরাদা ঘোড়ার এবে ফোরো বাগডোর ॥ নাহিক জাইবে আর জাবল সহর * নহেত তুরাণি সেপা মহিম উপর ॥ ইরাণে আসিবে সবে জেন শের নর * কহিবে তামাম লোগ ফের এই বাত ॥ রোস্তম এয়ছা পাহালওান লাড়কার সাত * ডর ও হয়বত তারে এতেক হইল ॥ বেগর জঙ্গেতে হেতা হইতে ভাগিল * এত শুনি তখনি রোস্তম পাহালওান ॥ বাদসার হুজুরে ফিরে আইল নিদান * দেখিয়া রোস্তমে বাদসা তাজিম করিয়া ॥ উঠিয়া মিলিল তার গলায় ধরিয়া * বলিল রোস্তমে ফের শুন নামদার ॥ গোশ্বা ও গরম হওা খাছলত আমার * এই বদ খোএ মেরা রহিল সদাই ॥ আমা হৈতে জায় নাহি কি কহিব তাই * এহার উপরে তুমি না করিবে আন ॥ সকল ওয়াকেফ তুমি আছো পাহালওান * তোমারে তলব করি এহার খাতেরে ॥ এহার তদবির কিছু কহনা আমারে * আসিতে করিলে দেরি তুমি নামদার ॥ তেকারনে গোশ্বা তুঝে হইল আমার * আজরদা হইলে জদি দেলে পাহালওান ॥ দেরেগ পাইয়া তবে হৈনু পেরেশান * রোস্তম করিল ফের এয়ছাই ওজর ॥ আমি তেরা তাবে আছি হুকুমের পর * জে কিছু হুকুম হবে আনিব বজায় ॥ কাউশ কহিল তবে এয়ছাই তাহায় * খুশির মজলেছ এক তৈয়ার করিয়া ॥ আজিকার রাতি কাটি আয়েশে মিলিয়া * বেহানে হেথায় হৈতে লইয়া ছেপাই ॥ কিনা দেলে দুস্

মনপর করিব চড়াই * কবিকার বলে এবে শুনহ সবায় ॥ জেরূপে লড়াই হৈল বাপ ও বেটায় *

* কায়কাউশ আর রোস্তম লস্কর সকল লইয়া ছোহরাবের সাতে লড়িবার এরাদায় কেল্লা মতিনের নিকট জায় তাহার বয়ান *

পয়ার * বেহানে আফতাব জবে আছমানে উঠিল ॥ ডাকিয়া কাউস সাহা হুকুম করিল * ইরাণের জোরওারে করিয়া তলব ॥ কহে এবে রোস্তমের তাবে রহো সব * বেবাহা লস্কর লিয়া রোস্তম ছরদার ॥ আছিল ছোহরাব জেথা চলে নামদার * চলিয়া তামাম দিন হৈল নিমাশাম ॥ কেল্লা মতিনের কাছে পৌছিল তামাম * তাহা বাদ গেল ফের বাদসা কাউশ ॥ গোদরজ গেও আর পাহালওান তুশ * একে২ খিমা খাড়া করিল ময়দানে ॥ জার জে ডেরায় গেল জত পাহালওানে * কেল্লা হৈতে ছোহরাব করিল নজর ॥ দেখিল সে ময়দানেতে বহুত লস্কর * হুমা পাহালওানে এই কহিতে লাগিল ॥ লড়িতে লস্কর দেখ বেশোমার আইল * নজরে আইল জদি এতেক জওান ॥ দেখিয়া হুমার হোশ উড়িল নিদান * ছোহরাব কহিল তুমি না করিও ডর ॥ এক দমে মারিব জে তামাম লস্কর * ছোহরাব হুকুম করে হুমা পাহালওানে ॥ খিমা এক খাড়া করো কেল্লার ছামনে * হুকুম মাফিক তার হইব তৈয়ার ॥ তক্ত পরে ছোহরাব গিয়া দিল বার * রাত কালে সে খিমায় গেলেন চলিয়া ॥ রোস্তম পিলতন তার খবর লাগিয়া * ছেপাইয়া আপনারে লোকের নজরে ॥ সেথাকার হাল মালুম একে২ করে * ছোহরাবে দেখিল আছে তক্তের উপর ॥ চারি পাসে ঘিরে আছে জত নামুওর * মজলিছে হাজের ছিল খুসিবেশোমার ॥ শারাব পিইয়া মস্ত জতো নামদার * সেই মজলেছের বিচে কোন পাহালওান ॥ জেন্দা বলিয়া নাম আছিল জওান * একাএক নেযা তার রোস্তমের পরে ॥ পড়িতে উঠিল মর্দ্দ দেখিতে তাহারে * ছামনে আসিয়া তায় লাগিল পুছিতে ॥ কেবা তুমি এখানেতে আইলে কোথা হৈতে * রোস্তম মারিল মুক্কি খেচিয়া তাহায় ॥ জেন্দা পাহালওান মরে সেই ঘড়ি ঠায় * তার পরে চোলে গেল আপে নামদার ॥ সেথা হৈতে আপ

পৌছল মরা জেন্দা ছিল জেথা * পোড়ে ছিল দেখিল জঙান জদ্দি তারে ॥ কালেব হইতে জান গিয়াছে বাহিরে * আনিয়া চেরাগ কেহ দেখে তাকাইয়া ॥ জেন্দার জেন্দেগি গেছে তামাম হইয়া * শুনিয়া ছোহরাব তবে লাগিল কহিতে ॥ কাউসের কোন লোগ আসি জাছু ছিতে * আপনার মর্দ্দমি এবে হেথা দেখাইয়া ॥ আসিয়া খবর হেথা গেল সে জানিয়া * লইব জেন্দার দাদ ফজরে জাইয়া ॥ লস্করে তাহার দিব খুনে ডুবাইয়া * জেন্দা না ছাড়িব আমি কাউছের তরে ॥ খাকে খুনে মেলাইব তুশের খাতেরে * এয়ছাই মছলত করে ছোহরাব জওান ॥ কাউশের আগে হোথা রোস্তম পাহালওান * কহিতে লাগিল শুন বাদসা নামদার ॥ ছোহরাবের বয়ান আমি কি কহিব আর * বড়া জঙা মর্দ্দ সেহ বড়া জোরওার ॥ তেয়ছাই ওজুদ মোটা বোলন্দ তাহার * তফাত নাহিক কিছু ওজুদে তাহার ॥ সামের সেকেল এয়ছা আছে নাম দার * জমানার আজব যে দেখিতেছি রঙ্গ ॥ বাপ ও বেটায় দেখ হয় কেয়ছা জঙ্গ ॥ বহুত লড়াই সবে দেখিলে জাহানে ॥ বাপ বেটার এয়ছা জঙ্গ না শুনিলে কানে * কিরূপে লড়িল দোন ময়দান উপর ॥ মন দিয়া সোন জেয়ছা কেতাবে খবর * কবিকার বলে এবে সোন সর্ব্ব জনে ॥ জেরূপে লড়িল তারা জঙ্গের ময়দান *

* রোস্তম ও ছোহরাবের পহেলা লড়াই *

পয়ার * রাত গোজারিয়া গেল বেহান হইতে ॥ আফতাব রওশন জবে হৈল জাহানেতে * ছোহরাব তৈয়ার করি লস্কর তামাম ॥ হুমা আর বারেমান কহে এ কালাম * দের না করিবে তুমি তাকিদ করিয়া ॥ আপনা ফওজ জত লেহ মাঙ্গাইয়া * হাজির পাহালওানে ফের করিয়া তলব ॥ কহে জদি মুঝে সত্য বাতাও এ সব * তবে তুঝে খালাছ করিব বন্দ হৈতে ॥ তখনি কহিল সেই জঙা মর্দ্দ সাতে * ঝুট কথা বলা নহে মরদের সান ॥ কি থাতেরে ঝুট কথা কব পাহালওান * হাজির ছোহরাব দুই পাহালওান ফের ॥ উপরে চড়িল গিয়া কেল্লা মতিনের * ছোহরাব কহেন ফের শুনহ হাজির ॥ বাঘ রঙ্গ খিমা যে দেখিতে বেনজির * কার এই ডেরা বল তাকিদ আমারে ॥ বড়২ হাতী আছে জাহার হুজুরে * কহে সে ছোহরাবে শুন ছাহেব ছরদার ॥

এই খিমা দেখা জায় কাউন বাদসার * ডাহিনের ডেরা পোছে ছোহ রাব জওান॥ কহিল মালেক এর তুশ পাহালওান * লাল রঙ্গ খিমা কার পুছে নামদার॥ বাতাও তাকিদ মুঝে খবর এহার * কহিল সে গোদরজ জঙ্গি জার নাম॥ লাল রঙ্গ খিমা দেখ তাহার তামাম * কহিল ছোহরাব ফের তাহার পিছেতে॥ ছবুজ কাহার খিমা আইসে নজরেতে * জার আগে খাড়া আছে ঘোড়া বেশোমার॥ লাল কালা সাদা রঙ্গ দেখিতে বাহার * কাউশের মত তক্ত পরদার বিচেতে॥ তাহে এক মর্দ্দ বোসে দেখ নজরেতে * কোন পাহালওান বৈসে ঐ তক্ত পরে॥ বুঝাইয়া কহো তাহা আমার হুজুরে * রোস্তমের খিমা সেই জানিত হাজির॥ কিন্তু দেলে ভাবি এই করিল ফিকির * কিজানি শুনিয়া নাম রোস্তমের হেথা॥ আচানক এবে জঙ্গ করে গিয়া সেথা * গাফেল হইয়া জদি পাহালওান মরে॥ কেয়ামত হয় তবে জাহান উপরে * এই মছলেহত হয় এবে কোন মতে॥ রোস্তমের নাম নাহি কব এর সাতে * কহিল থাকান চিন ভেজিল এথানে॥ ছেপাই লস্কর দিয়া এক পাহালওানে * কোমক আইল এই কাউস বাদশার॥ এই খিমা দেখা জায় সবুজ তাহার * ছোহরাব পুছিল নাম সেই জওানের॥ কহিল মালুম নাহি নাম মুঝে এর * দেল বিচে ভাবে এই ছোহরাব জওান॥ কহিল মাতারি জাহা বাপের নিশান * দেখিতেছি তাহা আমি নজ রেতে সব॥ কিন্তু এবে আর কিছু কহে এ আজব * ফের কহে দেখ থোড়া করিয়া গওর॥ এই খিমা বিচে থাকে কোন নামুওর * ছোহ রাবের আগে ফের কহে এ বয়ান॥ মালেক এহার জানো চিনের পাহা লওান * কোথা আছে পুছে ফের ছোহরাব জওান॥ খিমার বিচেতে সে রোস্তম পাহালওান * শুনিয়া জওাব তার দিলেন এয়ছাই॥ জাবল হইতে মর্দ্দ হেথা আইসে নাই * কহিল তাহারে ফের মেহের করিয়া॥ রোস্তমের নেশানী মুঝে দেহ বাতাইয়া * খালাছ করিব তুঝে কয়েদ হইতে॥ মেহের করিব খুব তেরা উপরেতে * জওাব তাহার ফের সেই রূপে দিল॥ জেয়ছা কহে ছিল আগে তেয়ছাই কহিল * গোস্বা হৈয়া কহে তবে শুনরে হাজির॥ তেরা এইবাতে কিছু নাহি দেল পিজির * জানের আমান জদি চাহ আপনার॥ সত্য কহিবে এবে হুজুরে আমার * রোস্তমের এই খিমা জানিতেছি আমি॥ এবে কিছু আমা হৈতে না ছেপাবে তুমি * নহে তেরা তন হৈতে ছেরকে কাটীয়া

হাতির কয়েদ থাকি দিবো ছাড়াইয়া * এঙ্কার করিয়া ছাফ ফের তাহা হৈতে ॥ ছোহরাবের আগে ফের লাগিল কহিতে * এ কেমন গোস্বা আর গজব কহর ॥ নাহক এতেক কিনা আমার উপর * রোস্তমের হাল মুঝে নাহিক মালুম ॥ কি কারনে তেগ থেচে করহ জুলুম * মারি বার সাদ মুঝে থাকে দেল বিচে ॥ খোসালে মারহো জে বাহানা কর মিছে * এত বলি কহিতে লাগিল ফের এয়ছা ॥ কেহনা হইবে রোস্তম জোরওার জেয়ছা * তাহার ওজুদ জেন মেছাল দরক্ত ॥ জোরওার তার ছানী নাহি কারো বক্ত * বাঘ ভাল দেও হাতি কত জোরওার ॥ মহিমে তাহার নাহি হয় বরাবর * সুনিয়া ছোহরাব কহে শুন পাহা লওান ॥ দেখিয়াছ কোথা তুমি জঙ্গের জওান * এক২ পাহালওান রাখে এয়ছা জোর ॥ রোস্তমের জানে জেয়ছা মেছালেতে মোর * কেল্লা হৈতে পাহালওান নিচে ওত্তরিয়া ॥ জেরা ও জৌশন পিন্দে তৈয়ার হইয়া * নেজা আর গোর্জ্জ তেগ লইয়া খেদঙ্গ ॥ সেতাবি ময়দানে গেল করিবারে জঙ্গ * লস্করের বিচে জেথা কাউস আছিল ॥ ছোহরাব জাইয়া সেথা এয়ছাই কহিল * কছম খেয়েছি রাতে বদলে জেন্দার ॥ কাউশে মারিলে দেলে হইবে কারার * ইরাণ ছরদার সবে ময়দানের বিচে ॥ ঘড়ি একে মারিব জে তলওারের নিচে * নাম সর মের পাস হয় জদি এবে ॥ মকাবেলা কাউস আসিয়া করে তবে * এহা ছাড়া আর জেবা চাহে লড়িবারে ॥ লড়ে মেরা সাতে এসে ময়দান উপরে * এত বলি হাকিতে লাগিল বারে বার ॥ এবে লড়িবারে আইসো কোন ছরদার * কিন্তু কেহ না আইল দহশত পাইয়া ॥ বাজে লোকের দেল তায় গেল ডরাইয়া * মহিম ময়দানে জদি কেহ না আইল ॥ হাকিয়া ছোহরাব ফের কহিতে লাগিল * বাদসাকে লাজেম হয় শর মের তরে ॥ পাহালওান জঙ্গি দেখে দেল নাহি ডরে * জঙ্গ হৈতে জদি ছাপাইবে নামদার ॥ কাউস নাম তবে কেন রাখো আপনার * কাউস শুনিয়া তবে করিল ফরমান ॥ শুনহ ইরানী গণ জত পাহা লওান * তাকিদ জাইয়া কহো রোস্তমের তরে ॥ হেন কেহ নাহি জায় ময়দান উপরে * তুমি এই লাড়কার আগেতে জাইয়া ॥ খাড়া হও গিয়া এবে কোম্মর বান্ধিয়া * ডরে কেহ নাহি যায় লাড়কার হুজুরে ॥ হেম্মত না আছে কারো মকাবেলা করে * হুকুম পাইয়া তুস সেতাবি জাইয়া ॥ রোস্তমের আগে কহে বয়ান করিয়া * পাহালওান

ছিল এহাই মনেতে ॥ না করিব জঙ্গ আজি কাহার সঙ্গেতে * মহিম ময়দানে কোন জাইয়া ছেপাই ॥ দুস্মনের সাতে আজি করুক লড়াই * পাহালওান ময়দানেতে হয় জদি জের ॥ শেষেতে ময়দানে গিয়া লড়িব জে ফের * তুশ বলে তুমি নাহি লড়িলে আগেতে ॥ কেহ না লড়িবে আগে গিয়া ময়দানেতে * তুশ জদি এই রূপে করিল বয়ান ॥ লাচার হইয়া তবে রোস্তম জওান * জেরা পিন্দে ঘোড়া পরে ছওার হইল ॥ লড়িতে ছোহরাবের সাতে ময়দানেতে গেল * ছোহরাব দেখে তবে বলে পিলতনে ॥ লস্কর থাকিয়া চল তফাত ময়দানে * লড়াই করিব দোহে দুরেতে জাইয়া ॥ তামাসা দেখিবে সবে তফাতে থাকিয়া * পিলতন বলে তবে চলনা দুরেতে এত বলি দুই জন গেল তফাতে * ছোহরাব কহিল এয়ছা শুন পাহালওান ॥ এয়ছা তাব নাহি কোন রাখেন জওান * মেরা সাতে মকাবেলা করে ময়দানেতে ॥ লড়িতে হেম্মত কেহ না রাখে দেলেতে * এতেক শুনিয়া বলে রোস্তম জওান ॥ একিন জানিনু তুমি লাড়কা নাদান * মহিমের বন্দ আর কি জান লড়াই ॥ আমার ছামনে মিছে না কর বড়াই * এয়ছা জোর দিল মুঝে পাক ছোবহান ॥ মারিনু ছফেদ দেয়ে করিয়া হয়রান * জঙ্গের ময়দানে এয়ছা মারিনু তলওার ॥ মারিয়া কতেক দেও করি ছারখার * এতেক শুনিয়া কহে ছোহরাব জওান ॥ তবে তুমি হবে বুঝি রোস্তম পাহালওান * রোস্তম বলেন আমি তার তাবেদার ॥ একিন জানিবে আমি গোলাম তাহার * ছোহরাব এতেক শুনি না ওম্মেদ হৈল ॥ তার পরে দুই জনে লড়িতে লাগিল * গোর্জ্জ তলওার লিয়া লাগিল লড়িতে ॥ তির বরছি মারে কেহ কারো উপরেতে * কারি চোট না লাগিল ওজুদে কাহার ॥ খান২ হয়ে গেল নেজা তলওার * দুই পাহালওান তবে ধরিল তলওার ॥ গরম করিল ফের জঙ্গের বাজার * চোটের উপরে চোট মারিল এমন ॥ তেগ তলওার হৈল করাত জেমন * গোর্জ্জ ফের হাতে লিয়া দোন পাহালওানে ॥ বহুত লড়িল দোহে জঙ্গের ময়দানে * দেখিয়া তামাম লোক হইল হয়রান ॥ নেজা গোর্জ্জ তলওার হৈল খান২ * ছারা২ হয়ে গেল ওজুদের জেরা ॥ আজেজ হইল ঘোড়া হাটু পাতে তারা * পছিনা চুইল ছারা ওজুদ থাকিয়া ॥ গলা মুখ একেবারে গেল সুখাইয়া * ফের দোহে জুদা হয়ে দুরে খাড়া হৈল ॥ দুই জনে ময়দানেতে দম খোড়া লিল * রোস্তম ভাবনা করে আপনার

দেলে ॥ এয়ছা জোরওার নাহি দেখি কোন কালে * জোরওার লাড়কা এয়ছা নাহি দুনিয়াতে ॥ দেও পরি হেরে জাবে এহার সাতেতে * ছোহরাব কহিল ফের রোস্তমে এয়ছাই ॥ আইস কামান তিরে করিজে লড়াই * লইয়া কামান তির তখনি দোহেতে ॥ খেচিয়া সে দুই জন লাগিল মারিতে * এক ছায়েতের বিচে জত তির ছিল ॥ লড়ে দুই পাহালওান তামাম করিল * তাহা বাদে দুই জনে ধরিয়া কোমর ॥ লাগিল করিতে জোর ময়দান উপর * পহেলা রোস্তম জোর করিল এমন ॥ পাহাড় ধরিয়া জদি করিত তেমন * হেলাইয়া দিতো তারে জমিন হইতে ॥ ঘোড়া হৈতে ছোহরাবে নারে হেলাইতে * ছোহরাব করিল জোর ধরিয়া কোমরে ॥ লাচার হইয়া গেলো হেলাইতে নারে * ছোহরাব জওান তবে রোস্তমে ছাড়িয়া ॥ গোস্বা ভরে গোর্জ্জ হাতে লইল তুলিয়া * রোস্তমের ছেরে মর্দ্দ মারিল খেচিয়া ॥ কারি চোট লাগে তার মাথায় আসিয়া * ছোহরাব হাকিয়া তবে লাগিল কহিতে ॥ আর তুঝে তাব আছে লড়াই করিতে * রোস্তম কহিল দিন হইল তামাম ॥ সুন পাহালওান এবে হইল জে শাম * এখন চলিয়া জাও উঠিয়া বেহানে ॥ লড়িবো তোমার সাতে আসিয়া ময়দানে * ছোহরাব খেচিয়া ফের গোর্জ্জ আপনার ॥ বাদসার ফওজ বিচে গেল আরবার * রোস্তম হোথায় ফের তেগকে খেচিয়া ॥ তুরুকের বাগে ফের গেলেন ধাইয়া * এক ছায়েতের বিচে লোক বেসোমার ॥ মারা গেল দুই দিগে ময়দান মাঝার * রোস্তম ভাবিল ফের মনে আপনার ॥ কিনা দেলে কিজানি ছোহরাব জোরওার * কাউসের সাতে গিয়া করে জদি জঙ্গ ॥ সরমেতে জান দিবে হইয়া সে তঙ্গ * সেতাবি ঘোড়ার বাগ ফেরায় জওান ॥ ছোহরাবের আগে গিয়া কহে পাহালওান * সুনহ ছোহরাব কহি তোমার তরেতে ॥ মনাছেব না হয় এবে জঙ্গ করা রাতে * ছবর করিয়া থাক আজিকার রাতে ॥ ফজরে লড়িব দোহে গিয়া ময়দানেতে * নতুবা এরাদা জদি থাকে লড়িবার ॥ এবে ফের মকাবেলা কর আরবার * ছোহরাব পাহালওান এতেক শুনিয়া ॥ আপনার লস্করেতে গেলেন ফিরিয়া * ছোহরাব ফিরিয়া জদি নিজ ডেরে গেল ॥ আপনার ডেরা বিচে রোস্তম আইল * বাদসা ফের রোস্তমেরে করিল তলব ॥ আইল জখন সে পুছিল হাল সব * রোস্তম বলেন বাদসা কি কহিব আর ॥ ছোহরাব পাহালওান বড়া জোরওার *

লোহা হৈতে সক্ত বেসি ওজুদ তাহার॥ নেজা গোর্জ্জ তেগ তির উপরে তাহার * কিছুনা আছর তারে করে আলস্পনা॥ তেকারনে দেলে মেরা বহুত ভাবনা * কায়কাউস কহে দিয়া ভরসা তাহারে॥ ফতে দিবে আল্লা তুঝে মহিমের পরে * বাদসার নজদিগ হৈতে হইয়া বিদায়॥ জওয়ার কাছে গিয়া এই বাত কয় * কমসিন সোহরাব অতি লাড়কাই ওস্কর॥ কিন্তু সে বহুত জোর রাখে নামুওর * খোদা জানে বেহানেতে কি আসিবে আগে॥ ফতে জদি হয় মেরা কেছমতের ভাগে * আচানক মারা জদি জাই মহিমেতে॥ তবে কেহ না লড়িও ছোহরাবের সাতে * জাইও জালের আগে লস্কর লইয়া॥ কিছু আর দেলেতে খেয়াল না করিয়া * মা বাপের আগে গিয়া কহিবে এয়ছাই॥ জে কিছু নছিবে ছিল ঘটিল তাহাই * বেফাএদা আহা জারি করা নাহি চাই॥ জখন মওত আইসে চারা কিছু নাই * এতেক কহিল জবে জওয়ার সাতে॥ রোস্তম পাহালওান ফের লাগিল কান্দিতে * কহিল করিয়া জারি পরওার দেগার॥ তোমার রহমতের আমি আছি ওম্মেদ ওার * দুসমনের পরে মুঝে ফতে দেলাইয়া॥ মেটা ইয়া দিবে তারে দুনিয়া থাকিয়া * রোস্তমের এখানেতে এই হাল ছিল॥ ছোহরাব পাহালওান হোথা জাইয়া পৌছিল * হুমার আগে কহে এই শুন পাহালওান॥ লড়িল আমার সাতে বিসম জওান * জোরওার বাজু আর শের পাঞ্জা ছিল॥ রস্তম মেছাল তারে মালুম হইল * তামাম দেখিনু তার করিয়া ধেয়ান॥ জে কিছু মাতারি মেরা করিলো বয়ান * পাইনু নেশানী তার ওজুদে তামাম॥ না কহিল কিন্তু মুঝে আপনার নাম * একিন হইল মুঝে বাপ মেরা এই॥ তামাম নেশানী তার ওজুদেতে পাই * হুমা পাহালওান বলে ছোহরাবের তরে॥ আমি খুব চিনী সেই রোস্তম খাতেরে * পিলতনের মত ঠিক আছে এ জওান॥ ঘোড়ার ছুরত এর রখসের সমান * কভুনা হইবে এই রোস্তম ছরদার॥ একিন জানিবে তুমি শুন নামদার * ছোহরাব বুঝিল হুমা নাহি কহে মিছে॥ দোস্তদার গমখার এই মেরা আছে * ছোহরাব মক্কর তার বুঝিতে নারিল॥ ফেরেবে পড়িয়া মর্দ্দ গাফেল হইল * আপনার দেলে এনছাপ নাহি করে॥ দোস্ত দুসমন কেবা চিনিতে না পারে * দুসমনের ফেরেবেতে জে জন ভুলিবে॥ আপনার সক্র সেই আপনি

হইবে * তাহার মেছাল দেখ ছোহরাব জওান ॥ দু দিনের ভাবে ভুলে গেল সে নিদান * জদি আপনার দেলে করিত গওর ॥ এন ছাফ করিয়া মর্দ্দ জত সারেওর * তবে সে চিনিয়া লিত রোস্তমের তরে ॥ মাতারি তাহার জেয়ছা কয়ে ছিল তারে * না বুঝিল সে সকল করিয়া ধেয়ান ॥ দুই দিনের মহব্বতে হারাইল জ্ঞান * সে জাহা কহিল সত্য বুঝিল তাহায় ॥ শক সোবা তার কিছু মনে নাহি রয় * কবিকার কহে আমি জগতের হিন ॥ এমন দোস্তের বাতে না করো একিন *

* রোস্তম ও ছোহরাবের দোছরা দিনের লড়াই *

* পয়ার ছন্দ *

রাত গোজরিয়া গেল বেহান হইতে ॥ ছোহরাব রোস্তম তবে লাগিল সাজিতে * জঙ্গের লেবাছ গিন্দে দোনো পাহালওান ॥ ছওার হইয়া গেল জঙ্গের ময়দান * নরম হইয়া গেল ছোহরাবের দেল ॥ বাপের উলফতে দেল হইল মায়েল * পহেলা ছোলের কথা রোস্তমের সাতে ॥ হাঁশিয়া ছোহরাব এহা লাগিল বলিতে * তেরা দেলে এবে কিবা আছে আর ॥ লড়াই করিবে কিবা ছোলের দরকার * তুমি আমি এক্কনেতে নাকরি লড়াই ॥ ছাফ দেলে মিলে দোহে করিব আশনাই * খুশির মজলিছ করি মিলে দুই জনে ॥ শারাব কাবাব খাই খোশালিত মনে * কওল করার করো মজবুত করিয়া ॥ দেলে না রাখিবে বদি দুশমন জানিয়া * বদি হৈতে মুঝে এবে হইল সরম ॥ তোমার উপরে দেল হইল নরম * তুমি এক দিকে জাও আর কোন জনে ॥ এখানে ভেজিয়া দেহ মহিম কারনে * মেহের হইল দেল উপরে তোমার ॥ বদি দেলে না রাখিও না লড়িও আর * যে কিছু নেশানী তেরা জাহের হইল ॥ নাম ছেপাইয়া লোকে আমাকে বলিল * নাহি বাতাইল কেহ নামু যে তোমার ॥ এখন জাহের করো নাম আপনার * জালের ফরজন্দ বুঝি হবে নামদার ॥ পাহালওান পিলতন রোস্তম ছরদার * ছোহরাব কহিল জাহা ছোলের বয়ান ॥ একিন নাকরে তাহা রোস্তম জওান * আপনার দেলে এই কহে পিলতণ এতবার লাড়কার বাতে না হয় কখন * কহিল জওাব এই রোস্তম জওান ॥ লাড়কার মাফিক মুঝে নাজান নাদান * বহুত দেখেছি আমি পস্ত ও

বোলন্দ ॥ মেরা আগে নাহি ডাল মকরের ফন্দ * ঘোড়া হৈতে উতরিয়া কোমর বান্দিয়া ॥ ময়দানেতে লড়ো এবে মকাবেলা হৈয়া * রোস্তমে দেখিল জদি কিনা আছে দেলে ॥ লাচার হইয়া তখন ছোহরাব বলে * মাএল হইলে জদি কুস্তি করিবারে ॥ এবাতে আফছোছ বড়া আমার অন্তরে * তুমি এয়ছা পাহালওান মেরা হাত হৈতে ॥ মারা জাও আফছোছ মেরা সেই বাতে * ছোহরাব এতেক বলি উঠিলো গর্জ্জিয়া ॥ দুই জনে কুস্তি করে কোমর ধরিয়া * রোস্তম গোশ্বায় জোর করে বেশোমার ॥ ছোহরাবে মালুম কিছু নাহয় তাহার * ছোহরাব হুঁাকিয়া ওঠে জেয়ছা শের নর ॥ কুদিয়া ধরিল গিয়া রোস্তমের কোমর * খেচিলা কোমরবন্দ জোরেতে তাহার ॥ সামালিতে না পারিল রোস্তম ছরদার * গিরিলো জমিনে জবে সেই নামুওর ॥ ছোহরাব বসিল তার ছাতির উপর * লেকালিয়া লিল জে খঞ্জর আবদার। চাহেকি দুখান করে ধড় ছের তার * হেন কালে রোস্তম এক করিয়া মক্কর ॥ কহিতে লাগিল যে ছোহরাব বরাবর * হেথাকার দস্তুর নহে সুন পাহালওান ॥ একবার হারে যেই মহিম ময়দান * ছের কাটা নাহি চাই তন হৈতে তার ॥ আরবার লড়া চাহি ময়দান মাঝার * দুছরা বারেতে জদি করে তারে জের ॥ তবে সে আপন জোরে কাটে তার ছের * ছোহরাব এতেক সুনী নাবে ছাতি হৈতে ॥ হাতের খঞ্জর ফেলে দিলো জমিনেতে * ছোহরাব মর্দ্দানা ফের সেখানে থাকিয়া। আপনা লস্কর বিচে পৌছিলো জাইয়া * এসব নাজেরা যবে হুমাকে কহিল ॥ আফছোছ করিয়া মুজি এয়ছাই বলিল * মক্কর ফেরেব কোরে চালাকি করিয়া ॥ ভাগে তেরা হাত হৈতে রেহাই পাইয়া * উঁচা নিচা জমানার নাহি দেখিয়াছো ॥ একারণে তুমি তার ফেরেবে পোড়েছো * ফান্দের বিচেতে পোড়েছিলো সের নর ॥ ছাড়িয়া তাহাকে তুমি করিলে কহর * বেওকুফি তোমা হৈতে হইল জাহির ॥ নাহক ছাড়িলে তুমি দুস্মন খাতির * ছোহরাব কহিলো আছে ভাবনা কিসের ॥ ফজরে করিব যের তাহার থাতের রোস্তম পৌছিয়া ফের আপনার ডেরে ॥ ছোবে তক যারি করে আল্লার দরবারে * এই রূপে দোওা মাঙ্গে হাত ওঠাইয়া ॥ সাহ জোর দেহ আল্লা মেহের করিয়া * পহেলা আছিল মেরা জেয়ছাই তাকত ॥ তেমনি তাকত দেহ করিয়া রহমত * পাহেলাতে জোর এয়ছা দিলে পরওার ॥ জমিন ফাটিত হুর কদমে আমার * জমিনে কদম রাখ্যা ভার

হেত মোর ॥ পহেলাতে মেরা তরে দিলে এত জোর * সে ওক্তে মাঙ্গিনু দোওা ওঠাইয়া হাত ॥ জোর কিছু কম মেরা করো পাকজাত * আল্লার দরগায় দোওা কবুল হইল ॥ রোস্তমের জোর তাতে কমহয়ে ছিল * সেই জোর মাঙ্গে ফের রোস্তম মর্দ্দানা ॥ কবুল করহো দোওা এলাহি রব্বানা * বারিতালা দোওা তার কবুল করিয়া ॥ আগেকার জোর তারে দিলেন বখ্‌শিয়া * রোস্তম পাইল জদি জোর সাবেকের ॥ হাজার শোকরানা ভেজে দরগায় রব্বের * জে রুপে ছোহরাব মরে সুন সমাচার ॥ কবিকার বলে দেখ কুদরত আল্লার

* ছোহরাব ও রোস্তমের তেছরা দিনের লড়াই *

* লঘু ত্রিপদী *

উঠিয়া ফজরে, রোস্তম নজরে, জোর দেখে আপনার ॥ হইয়া খোশাল, ভেবে জোলজালাল, কহে দেলের মাঝার * তারিফ করিয়া শোকর বাজাইয়া, কহে আজিজী হালেতে ॥ তোমাবিনে সাঁই, কেহ মেরা নাই, বাঁচাইতে সঙ্কটেতে * খোসালিত দেলে, ময়দানেতে চলে, ঘোড়ায় হৈয়া ছওার ॥ ছোহরাব জেথানে, জাইয়া সেথানে, পৌছিলেন নামদার * গোস্বায় ছোহরাব, করিয়া শেতাব, লাগিল এই কহিতে ॥ কালি মেরা হাতে, বেঁচে গেলে তাতে; ধোকায় ডালিয়া বাতে * লড়িতে আবার, ময়দান মাঝার, ফের আজি আইলে তুমি ॥ আপনার জান, না চাহো আমান, নিশ্চয় বুঝিনু আমি * বলে পিলতণ, জান জতক্ষণ, ওজুদে রবে আমার ॥ ময়দান বিচেতে, মহিম করিতে, পিছে না হাটিব আর * এতেক বলিয়া, দুজনে মিলিয়া, করে নানা মতে জোর ॥ কেহ কার তরে, নাহি পারে জোরে, দোহে ছিল বরাবর * এয়ছাই দুজনে, মহিম ময়দানে, ছন্দে বন্দে কুস্তি করে ॥ রেহাইর আসা, নাছিল ভরসা, যে জাকে মারিতে পারে * রোস্তম কুদিয়া, ছোহরাবে ধরিয়া, উঠাইল জমি হৈতে ॥ রেখে সন্য ভরে; ডালে জমি পরে, বসিলো তার ছাতিতে * ভাবে দেলে এই; জদি এ ছেপাই; উঠে জদি হয় খাড়া ॥ তাজ্জব এহাতে, নাহি কোন বাতে, গজব হইবে বড়া * এতেক ভাবিয়া, খঞ্জর লইয়া, মারিল তার ছিনাতে। কারি হৈল চোট, বিসম সঙ্কট; লাগিল তার দেলেতে * ছোহরাব খেচিয়া, নিস্বাশ ছাড়িয়া, কহে বাত

এ রূপেতে ॥ বক্ত সিয়া মেরা, হৈয়া গেল সারা, এই ছিল কপালেতে * আইনু এখানে, জাহার কারনে, মকছেদ আছিল মেরা ॥ বাপের দিদার, কোরে একবার, মোরাদ পাইব সারা * দেলের মরাদ, হইল বরবাদ হাছেল কিছু না হৈল ॥ জান সে আল্লার, বুঝিয়া অশার, ছাড়িয়া দেহ চলিল * দরিয়ায় জদি, থাক নিরবদি, কিম্বা জাও আকা সেতে। বাপ মেরা এবে, তোরে না ছাড়িবে, জদি সোনে সে কানেতে * আসিয়া তোমারে, ময়দান মাঝারে, মারিবে তেগ খেঁচিয়া। সাদ্ধ নাহি কার, হুজুরে তাহার, মহিম করে জাইয়া * নাম তার পুছে, ছোহরাবের কাছে, সুনিয়া বলে এয়ছাই ॥ মেরা বাপের নাম, শুন সে কালাম, পিলতণ রোস্তম ছেপাই * জালের ফরজন্দ, বড়া দানেশমন্দ, পাহালওান জোর ওার ॥ আমার মাতারি, বেটী শুন জারি; হাকেম সে সামগার * বেটার জবানী, এই কথা শুনী, রোস্তম এতেক বাত ॥ কান্দিয়া কান্দিয়া জার জার হৈয়া, মাথায় মারেন হাত * জমিনে গিরিল, বেহোশ হইল, হোশ হৈল জবে তারে ॥ পুছে তবে তায়, করে হায় হায়, নিশানী দেহ আমারে * আমি রোস্তম হই, কপালেতে ছাই, পড়িল আসি আমার ॥ দুনিয়া জাহান, হৈল সুনশান, জেন নিসী অন্ধকার * সুনিয়া ছোহরাব, কহেন সেতাব, জওাব এয়ছাই দিল ॥ শুন পাহালওান, উলফত নিদান; তেরা পরে হৈল * তোমারে দেখিয়া, নেশানী পাইয়া, সদা রহিনু খেয়ালে। আকছোছ এহায়; রহিল আমায়, পরিচয় নাহি দিলে * জেরাকে খুলিয়া, দেখ নেকালিয়া, মহরা আছে বাজু পরে। জখম হইল কারী ওজুদ হৈল ভারী, নাহিক সক্তি আমারে * কি রূপে খুলিয়া; দিব দেখাইয়া; জেরার ভিতর হৈতে ॥ জেরাকে খুলিয়া, রোস্তম দেখিয়া লুটিয়া কান্দে জমিতে * এহি কহে মর্দ্দ, দেলে পেয়ে দর্দ্দ, মিনী দোশে আমি তোরে ॥ মারিয়া খঞ্জর, কাটিনু জেগর, পারা কৈনু একেবারে * এমন কোথায়; দেখা নাহি জায়, বাপ যে মারে বেটাকে ॥ কপালে আমার, কিবা আছে আর, কি কহিবো আমি কাকে * আমার এ গম, না হইবে কম, জত দিন দেহে প্রাণ ॥ দেলে এই গম, রহিলো হরদম, সদা রবো পেরেশান*এই ভাল এবে, মওত হৈলে তবে,ঘুচে পেরেশানা সারা ॥ দেল এহি চায়, আপনা ছিনায়, ছুরি মেরে করি পারা * ছোহরাবে তাহারে, বলে এ প্রকারে, নাহিক কিছু উপায় ॥ বিধির ঘটণ, কে করে খণ্ডণ, ঘটিল আসি আমায় * সাদ্ধ নাহি কার, ললাটে জাহার;

কলম মারিল সাঁই ॥ কেপারে জগতে, তাহাকে ঠেলিতে, হেনো সাদ্ধ কার নাই * ঘায়েল হইয়া, ছোহরাব পড়িয়া, জমিনে লুটিতে ছিল ॥ করেন মাতম, এরূপে রোস্তম, হায় বেটা কি হইল * দেখে লোক জন, করি নিরিক্ষণ, খালি পিঠে আছে ঘোড়া ॥ ঘোড়া রোস্তমের; দেখে সকলের, আফছোছ হইল বড়া * মারা গেল বুঝি; ময়দানেতে আজি রনে রোস্তম জওান ॥ হোশ সবাকার; ওরে একেবার, শুনে হয় পেরেশান এতেক খবর, হুজুরে বাদসার, জাইয়া কেহ কহিল ॥ রোস্তম জওান বুঝি মারা জান, এয়ছাই কেহ বলিল * যে শুক্তে সুনিল, হুকুম করিল, কাউশ শাহা সোলতান ॥ জাইয়া ময়দানে; খবর দেহ এনে, মরে কোন পাহালওান * তাহার তদবির, করি সে ফিকির, কিছু এবে এই খানে জানা নাহি গেল, রনে কে মরিল; খবর আইসহ জেনে * ছোহরাবের সাতে, লড়ে ময়দানেতে, এত সাদ্ধ নাহি কার ॥ মানিয়া ফরমান, জত পাহালওান, গেল ময়দান মাঝার * ময়দানেতে জবে, গেল মিলে সবে রোস্তমে দেখে পড়িয়া ॥ থাকের উপরে; পোড়ে জার করে, আছু বহে চক্ষু দিয়া * দেখিল ছোহরাব, হইয়া বেতাব, পড়িয়া আছে জমিনে ॥ দেখে দুই জনে, ভাবে সবে মনে; জখম হৈল দুজনে * ছের রোস্তমের ওঠাউয়া ফের, পোছেন সকলে মিলে ॥ কিসের লাগিয়া, ময়দানে পড়িয়া, আছ পেরেসান দেলে * পিরাহান ফাড়ে, হাত পা কাছাড়ে; রোস্তম কান্দিয়া কয় ॥ মুখে বলে হায়, বুক ফেটে জায়, কি আর বলিব হায় * আমার হাতেতে, জুলুম তাহাতে, হইয়াছে শুন সবে ॥ দাগ মেয়া দেলে; নাহি জাবে মলে, কেয়ামত তক রবে * মুখে মোর ছাই, পড়ুক সদাই, এমন পাপি কে আছে ॥ নাহক বেটারে, মহিমেতে মারে, কি বলিব কার কাছে * এতেক বলিয়া, খঞ্জর লইয়া, চাহে মারে আপনাকে মারিয়া গরদানে, জোদা করে তনে, কাটিতে নিজ মাথাকে * মিলে সকলেতে; গিয়া শেতাবিতে, রোস্তমের হাত ধরিয়া ॥ কান্দিতে লাগিল যে কেহু আছিল, জার জার সে হইয়া * রোস্তমের ভাই, জাওারা এয়-ছাই, গেরেবান করি পারা ॥ দর্দ্দ গমেতে, কান্দিতে কান্দিতে, হইল সে জারা জারা * কহে সেই ফের; ছোহরাব থাতের; কি হাল আছে তোমার ॥ কহিল সে মর্দ্দ, আছে বড়া দর্দ্দ, কি কব তোমাকে আর * জখম হৈল কারি, কলেজাতে ভারি; কি কব তার বয়ান ॥ বাঁচিবার আসা নাহিক ভরসা, কিছু এবে পাহালওান * রোস্তমের তরে, সব কহি তারে

কহিয়া ছিল মাতারি ॥ আমার লাগিয়া, বয়ান করিয়া, কহিল নেশানি তারি * একে একে সব, তাহার মতলব; শেষে দাগাতে পড়িয়া ॥ হাজিরে পাইয়া, কাছে বসাইয়া, পুছি তারে বিবরিয়া * ছিল জত ডেরা একে একে ছারা, পুছিতে লাগিনু তারে ॥ নাম সবাকার, হুজুরে আমার, বয়ান করিলো সারে * রোস্তম যেথা ছিল; নাহি বাতাইলো, ছেপাইল নাম তার ॥ গাফেল করিয়া, রাখে ভুলাইয়া; বাতাইল নাম আর * রোস্তমের সাতে, লড়িবার ওক্তে, ঘাড় ঘড়ি পুছি তারে ॥ সেহ ছেপাইল, নাম না বলিল, না বলিল নাম মোরে * এত সাদ্ধ কার, আছে এক্তিয়ার, আল্লার কোদরত বিচে ॥ চারা নাহি তাতে, জানিনু মনেতে, কপালেতে জাহা আছে * লল্লাটে লিখন, নাহয় খণ্ডন, বেটাকে মারিলেন বাপে ॥ লেখা ছিল জাহা, শুজরিল তাহা, সকলি কহিনু আগে * এতেক বয়ান; শুনে পাহালওান জওারা আর রোস্তম ॥ ছের পিটে হাতে লাগিল কান্দিতে, রোস্তম করে মাতম * দুই চক্ষু দিয়া, আছু বহাইয়া কান্দে জার জার দোহে ॥ কি দোষে তোমারে, হারানু বাছারে, দু নয়নে ঝারা বহে * পরেতে ছোহরাব, হইয়া বেতাব, লাগিল ফের কহিতে জাহাঁনে সদাই, কেহু জিবে নাই; সকলে হবে মরিতে * নাহি কান্দ আর, হয়ে জারে জার, শুন কহি পাহালওান ॥ শুনহো খবর, করহ ছবর নাহি হও পেরেসান * খুন যে আমার, উপরে তোমার, বখশিনু যে পাহালওান ॥ কিন্তু আরজ এই, শুন তাহা কই, জেন রহে তার ধেয়ান আমার লস্করে, কোন মত কারে, নাহিক দিবে আজার ॥ তুরুকের সাতে ফছাদ দেলেতে, নোড়ে নাকর জেনহার * তুরানেতে আর; ভেজিয়া ছরদার; আমার বাদেতে তুমি ॥ লড়িয়া সেথায়; বিরান তাহায়, না করিবে কহি আমি * কেননা তুরান; মোর জর্ম্মস্থান, আছে সেই সহরেতে ॥ এহার খাতের, তাহারে মেহের, কহিনু তুঝে করিতে * বেঁচে জদি প্রাণে, থাকিতুম জাহাঁনে, তবে সবাকার সাতে ॥ মেহের করিয়া নেগাবান হৈয়া, রাখিতুম নজদিগেতে * আমার বাদেতে, সবার সাতেতে, জেন তওাজা করিয়া ॥ রাখেন নজর, বাপ সবা পর, বদি দেলে না রাখিয়া * ছোহরাব জখন; এসব বচন, কহিল কোরে বয়ান ॥ রোস্তম সকল, করিল কবুল, দেলে ভেবে পাহালওান * রোস্তম তাপরে, বলে গোদজ্জেরে, বাদসার হুজুরে গিয়া ॥ নোশ দারু আছে, জানো তার কাছে, শেতাবি আনো জাইয়া * তাহার ছেওায়, নাহিক উপায়, নাহি

দেখি কোন খানে॥ এতেক শুনিয়া, গেল সে চলিয়া, সাহার কাছে পাহা লওানে * কহিল এয়ছাই; তাহারে জেয়ছাই, রোস্তম বলিয়াছিল॥ শুনিয়া ছোলতান, বুঝিয়া নিদান; এরূপে তাকে বলিল * সেই দারু আছে, আমার যে কাছে, জাতে ছোহরাব জওান। আরাম পাইয়া, জোর-ওার হৈয়া; শেতাবি পাবে আছান * শুনো পাহালওান, দেলে করো ধ্যান, সে দিনের জতো কথা॥ জাহা মুখে আইল, আমাকে কহিল, রোস্তম আসিয়া হেথা * তকব্বরি কোরে, নামানে আমারে, কটু কথা কহে গেল॥ কয়েদ করিতে, তাহার তরেতে, এখানে কেহ নারল * এহার ছেওায়, ছোহরাব জে কয়; তামাম লোকের কাছে॥ শুনিয়াছ তুমি, কি কহিব আমি, তোমাকে মালুম আছে * লোকের ছামনে, ছোহরাব জওানে, বলিত হামেশা এহি॥ রোস্তমে আনিয়া, তক্তে বসা-ইয়া, দিব তারে তাজ শাহি * দেলের বিচেতে, বুঝহে আপেতে, তুমি মর্দ্দ আছ দানা॥ উচা নিচা জত, দেখিলে বহুত, তাহার নাহি ঠৈকানা এমনি জখন, জোরওার দুজন, হয় জাহানের বিচে। তক্ত তাজ মেরা, না রহিবে ছারা, ছিনিয়া লইবে পিছে * এতেক বয়ান, শুনে পাহালওান, রোস্তমের আগে গিয়া॥ কহে সব বাত, রোস্তমের সাত, একে একে বিব-রিয়া * শুনিয়া রোস্তম; পাইল বড়া গম, বাদসার কাছেতে গেল॥ মহল বিচেতে, সেই সমাএতে, নামদার গিয়া ছিল * রোস্তমের খবর, শুনে নামুওর, বাহিরে আইল জখন॥ এই সমাচার, পৌছিল আবার, রোস্তমের কাছে তখন * ছোহরাবের কাম, হইল তামাম, মিটিল নাম নিশান॥ রোস্তম সুনিয়া, চলিল ধাইয়া, ছোহরাবের কাছে জান * লাশ পরে তার গিয়া জোরওার, জারি করি এহি কহে॥ তোমার বিহনে, না বাঁচিব প্রাণে, এ দুখ আরনা সহে * কলম করিতে, ওয়াজেব এহাতে, আমার হাতের তরে॥ কেবা হেন জন, বেটার কারণ, মারিল দুনিয়া পরে * ছোহরাবের মাতা, সুনিলে একথা দুসমন জানিবে মোরে॥ জখন সুনিবে বেহুশ হইবে, কান্দিবে সে উচ্চশ্বরে * এয়ছাই কহিয়া, লাশ ওঠাইয়া, রাখিয়া তাবুত পরে॥ গেল সবে মিলে. পেরেসান দেলে, ডেরা বিচে নামদারে * ডেরা ও আছবাব, জাইয়া শেতাব, সেখানেতে জত ছিল॥ আগ লাগাইয়া, দিলো জালাইয়া, পুড়িয়া খাক হইল * গমে দেল ফানা, জেমন দেওানা; ছোট বড় জত জন॥ কান্দিয়া২, মাতম করিয়া, গমেতে মর্দ্দ জেমন * কাউশ ছোলতান, সুনিয়া নিদান, গেলেন রোস্তমের পাছ॥

দেখে পিলতণ পাগল জেমন হইয়াছে বদহাওাছ * কহে তারে শাহা কি করিবে জাহা, নছিবে ছিল এহার॥কে ঘুচাবে তারে, এত সাদ্ধ কারে, নাহিক চারা তাহার * সবাকে আখেরে, ছাড়িয়া সংসারে, নিজ পুরি জেতে হবে॥ কেহু আগে আর, কেহু পিছে তার, হামেসা কেহুনা রবে, দেলেতে বুঝিয়া, ছবর করিয়া, রহো এবে নামদার॥ ছবর ছেওায়, না আছে উপায়, কান্দিলে কি হবে আর * বাদসার হুজুরে, রোস্তম এ প্রকারে; কহে আরজ করিয়া। কি কহিব শাহা, নছিবেতে জাহা, ছিল গেল গোজারিয়া * অছিয়ত জেমন, আমার করন, ছোহরাব এহা করে॥ তুরুক লাগিয়া, লস্কর ভেজিয়া, হয়রান নাকরো তারে * এ অরোজ এবে, তোমার জোনাবে, করিতেছি আলম্পানা॥মেহেরে তোমার, আছি ওম্মেদ ওার, নজরে রাখো আপনা * হুমার উপর, করিয়া নজর, রাখিবে মেহের এয়ছাই॥ পেরেশান জেনো; নাহয় কখন; তার লস্কর ছেপাই * খুসি খোসালিতে, এজ্জত হুরমতে, বিদায় করো জাহাদার॥ এতেক শুনিয়া দেলেতে বুঝিয়া, কহে বাদসা নামদার * ডুবিয়া গমেতে, আছো জে সোগেতে, শুন বলি পাহালওান॥ সেই গমে মেরা; দেল জারা জারা, হৈনু তায় পেরেশান * জতো বাত তেরা, করুল কৈনু ছারা, দেলের বদি মেটা ইয়া॥ তোমার খাতির, হইনু দেলগির, শুন কহি দেল দিয়া * মেরা সাতে জদি, তুরুক নিরবদি, ছেরকশি করে এখন॥ তবু তার সাতে; আমি কোন মতে, নাহি লড়িব কখন * জাওা রার স্নাতে, রোস্তম এমতে কহিলেনএয়ছা তারে॥ হুমা সাতে গিয়া, দেহ পৌছাইয়া, যৈহুঁদরিয়া কেনারে * পাইয়া ফরমান, জাওারা নিদান, হুমার সাতে জাইয়া॥ দরিয়ার পার, লস্কর তাহার, কোরে আইল চলিয়া * কবি কার হিন, অনাথ অধিন, কর তার ভাবি বলে॥ ছোহরাবের জত, শুন হকিকত, শুন সবেএক দেলে *

* রোস্তম পাহালওান ছোহরাবের তাবুত লিয়া শিস্তানে জায় আর সেখানে ছোহরাবের মাতা সামগা হইতে শৌছিবার বয়ান *

* পয়ার ছন্দ *

লস্কর ছেপাই লিয়া বাদসা জাহাদার॥ সেথা হৈতে রওনা হইল

নামদার * কাউসের কাছে রোস্তম এজাজত লিয়া ॥ ছোহরাবের তাবুতে লিয়া গেলেন চলিয়া * পেরেসান হয়ে দেলে শিস্তানে গেল ॥ জালের হুজুরে তার খবর পৌছিল * খবর পাইয়া জাল হৈল বেকারার ॥ শিয়াপোস হালে গেল লস্কর মাঝার * কান্দিয়া২ সবে জার২ হৈয়া ॥ পৌছিল সকলে ঘরে তাবুত লইয়া * এতেক মাতম কৈল কি কব বয়ান ॥ সে ঘড়ি হইল জেমন কেয়ামত সোমান * ছোহরাবের তাবুত দেখে রোস্তমের মাতারি ॥ বেহাল হইয়া কান্দে জমিনেতে গিরি * এই রূপে জত ছিল এগানা বেগানা ॥ মাতম করিল তারা জেমন দেওানা * পরে ছোহরাবের লাশ গোছল দেলায় ॥ কাফন পেন্দায়ে দফন করিল তাহায় * ছমন গাঞেতে জবে গেল এ খবর ॥ গমেতে তহমিনা বিবি হইল কাতর * হায় হায় করে বিবি কান্দে জার জার ॥ ঘোর অন্ধকার দেখে তামাম সংসার * সেই ঘড়ি আতশ এক রৌশন করিয়া ॥ বেহুসিতে গেরে বিবি তাহাতে জাইয়া * জেকেহো হাজের ছিল বিবির খেদমতে ॥ ওঠাইয়া লিল তারে আতশ হইতে * জলিল ছেরের বাল ওজুদ তামাম। দাগ দাগ হয়ে তার গেলো গোল আন্দাম * বাপকে কহেন বিবি সুন নামদার ॥ মারিলো ছোহরাবে মেরা রোস্তম ছরদার * ছেপাইয়া লস্কর লিয়া গিয়া শিস্তানে ॥ রস্তমের সাতে লড়ে গিয়া সেইখানে * বেটিরে জওাব ফের দিল নামদার ॥ রস্তমের মত পাহালওান নাহি আর * বরা বর হয় তার সাতেতে লড়িয়া ॥ এয়ছা পাহালওান নাহি দেখিনু বুঝিয়া * বাদসা জবে এই কথা কহিল বেটিরে ॥ পেচতাব খায় বিবি দেলের ভিতরে * ছেপাই লস্কর লিয়া আপনি তহমিনা ॥ গোশ্বায় ভরিয়া দেলে হইলো রওানা * সহর নিকটে গিয়া এক পাহালওানে ॥ ভেজিয়া দিলেন বিবি রস্তম জেখানে * বলিল এয়ছাই তারে কহিবে জাইয়া ॥ তহমিনা পৌছিলো হেথা লস্কর লইয়া * বড়া বড়া পাহালওান জেন সের নর। আপনার সঙ্গে বিবি আনল বিস্তর * দেল বিচে আছে তার এরাদা এয়ছাই ॥ কাটিবে তোমার ছের করিয়া লড়াই * শিলতনের আগে গিয়া সে মর্দ্দ কহিল ॥ বলিল তহমিনা জাহা বয়ান করিল * রোস্তম শুনিয়া বড়া হৈল পেরেশান ॥ দেলের বিচেতে বড়া হয় পেরেশান * জাল আর রুদবাকে সাতেতে লইয়া ॥ জেখানে তহমিনা ছিল পৌছিলেন গিয়া * ডেরার নিকটে তার পৌছিল সকলে ॥ পর্দ্দা হইতে বিবি বাহিরে নেকলে * একে একে সকলেতে

মিলিয়া তখন॥ ছোহরাবের মাতম করেন জনে জন* বিবির কারনে জান এয়ছাই কহিল ॥ মেহের করিয়া এবে ঘরে তুমি চলো * কহিতে লাগিল বিবি শুন নেক মর্দ্দ ॥ রোস্তম দিয়াছে মেরা দেলে বড়া দর্দ্দ * মেরা আগে পিলতনে আনহ শেতাব ॥ আপনার ঘর জেই করিল বরবাদ * পুছিজে তাহাকে আমি কিসের কারনে ॥ বেটাকে মারিল কেনে জঙ্গের ময়দানে * তহমিনার আগে জদি গেল পাহা-লওান ॥ খঞ্জর খেচিয়া বিবি হলো আগুওান * বেদরদ হৈয়া এয়ছা করিল এরাদা ॥ তন থাকি রোস্তমের ছের করে জুদা * সেতাবি জাইয়া জাল ধরে তার হাত ॥ বোঝাইয়া বিবিকে বলেন এইবাত * এক্তিয়ার নাহি কিছু তকদিরের পরে॥কাজার হাত হৈতে কেবা পারে বাঁচিবারে* ছোহরাব মরিয়া জদি জেন্দা হয় ফের ॥ তবে তুমি রোস্তমের জুদা কর ছের * তহমিনাকে বুঝাইয়া আপে নামুওর ॥ লিয়া গেল তহমিনাকে আপনার ঘর * মিলিয়া তহমিনা আর রোস্তম ছরদার ॥ রহিল সেখানে দোহে হইয়া কারার * তহমিনা বিবির ফের হামেল রহিল ॥ নয় মাস বাদে এক লাড়কা পয়দা হৈল * বড়া জোরওার লাড়কা ছুরত লাল ফাম ফারামরজ বলে তার রাখিলেন নাম* তখনি তাহাকে এক দাইকেসুপিল॥ দাই সেই লাড়কাকে পালিতে লাগিল * রাত দিন লাড়কাকে দুধ পেলাইতো ॥ কোলে লিয়া লাড়কাকে হামেসা ফিরিতো * কোলছাড়া কভু নাহি করিত লাড়কায়। এই রূপে কত দিন গোজরিয়া জায় * পুর্ণিমার চান্দ জেনো ছুরত লাড়কার ॥ দিনে দিনে বাড়ে লাড়কা ফজলে খোদার * ছোহরাবের গমে বিবি তহমিনা সুন্দরি। দিন রাত কান্দে বিবি করে আহা জারি* হর ঘড়ি বিবির চক্ষেতে বহে নির ॥ ছোহরাবের গমে বিবি থাকেন অস্থির * পিলতন নানা মতে বিবিকে বোঝায় ॥ বোধ নাহি মানে বিবি করে হায় ২ * ছোহরাবের গমে বিবি বিমার হইল। এক সালভর বিবি বিমারে রহিল* তবিব হেকিম কত দাওা পাণি করে ॥ গমের বিমার চাঙ্গা কে করিতে পারে * আখেরে ছোহরাবের গমে ঘুটিয়া ২ ॥ এক সাল বাদে বিবি গেলেন মরিয়া * ছমগাঞের বাদসা দেখে বেটির আহওাল। জার ২ কান্দে শাহা হইয়া বেহাল * তহমিনা ওফাত পাইল রোস্তম সুনিয়া ॥ কান্দিতে লাগিল মর্দ্দ জার জার হৈয়া * আখেরে ছবর করে ভাবিয়া খোদায়॥ ফকির মিছকিনে খানা তাজিমে খেলায় * ছোহরাবের জঙ্গ এবে হইল তামাম ॥ দারা সেকন্দরের জঙ্গ

সুরু করিলাম * হবিবল হোছেন বলে সোন সবে ভাই ॥ দারা সেকন্দরে জেয়ছা হইল লড়াই * শাহা নামা কেতাবেতে লিখিল জেমন। সে সব আহওাল লিখি সোন সর্ব্বজন * জে জন কেতাব মেরা পড়িবে সুনিবে আমি আর প্রকাশিকে দোওা সবে দিবে *

* সেকন্দর দারার সঙ্গে ইরান সহরে জঙ্গ করিবার বয়ান *

* পয়ার ছন্দ *

তওারিখে লিখিয়াছে এয়ছাই খবর ॥ ফএলকুছের তক্তে বসি লেন সেকেন্দর * নাছিল হাকেম তখন রুমের সহরে ॥ সেকন্দর হৈল বাদসা তামাম সংসারে * আরাস্তন আকেলমন্দ বড়া বেনজির ॥ সেক ন্দরের হৈল সেহ মছলত উজির * আরাস্তন আছিল আফ লাতুনের শাগের্দ্দ ॥ আক্কেল মন্দ দানা বড় ছিল জঙামর্দ্দ * বহুত লস্কর আর মাল মুল্লুকেতে ॥ সেকন্দর করেন সাহি হশমতের সাতে * হেন কালে কাছেদ এক ইরাণ হইতে ॥দারার পয়গাম দিয়া লাগিল কহিতে* এতো দিন কেনো নাহি ভেজিলে খাজানা ॥ তুরিত খাজানা তুমি করিবে রওানা * খবরদার না ছাড়িবে রছম বাপের ॥ তাবেদারি হৈতে মেরা না ফেরাবে ছের * সেকন্দর সুনে দিল জওাব এয়ছাই ॥ ফএলকুছ বাদসা এবে দুনিয়াতে নাই * হর সাল ফএলকুছ তোমাকে ডরিয়া ॥ খাজানা তোমার কাছে দিতে পাঠাইয়া * হর সাল খাজানা সে দিতে ছিল তোরে ॥ কিন্তু তুমি নাহি মাঙ্গ আমার হুজুরে * আল্লা তালা দিল মুঝে বাদসাই মাদার ॥ আছমানেতে পৌছাইব ঝাণ্ডা আপ নার * বহুত লস্কর আছে আমার কাছেতে ॥ তলওার ও জোর রাখি লড়াই করিতে * এরাদা এমনি আছে আমার অন্তরে ॥ কয়েদ করিব হফ্‌ত আকলিমের তরে * এখন লাজেম এহা হয় জে তোমায়॥ সেতাবি খাজানা তুমি ভেজিবে আমায় * লাজেম তোমাকে ভেজো খাজানা এখানে ॥ নহে তেরা তাজ তক্ত লিব আমি ছিনে * করিতেছি তুঝে আমি এবে খবরদার ॥ কাছেদের পিছে আমি পৌছিব তোমার* তেরা সাতে মহিম করিব আমি গিয়া ॥ জঙ্গের লস্কর রাখো তৈয়ার করিয়া * কাছেদ পাইল জদি এয়ছাই জওাব ॥ দারার নিকটে হৈল

রওনা শেতাব * বহুত লস্কর লিয়া শাহ সেকন্দর ॥ ছওার হইয়া চলে ইরাণ সহর * দারা নামদার এই খবর সুনিয়া ॥ মহিম ময়দানে আইল লস্কর লইয়া * বাদসা জাহাদার সেকন্দর নেক নাম ॥ কাছেদের লেবাছ যে পিন্দিয়া তামাম * দারার হুজুরে গেল বাদনা নামদার ॥ কহিল তাহারে গিয়া শুন জাহাদার * সেকন্দর এয়ছা তুঝে ভেজিল পয়গাম ॥ মুল্লুক হইতে তেরা নাহি মেরা কাম * চারিদিগে দুনিয়ার ছায়ের করিব ॥ আফতাব মহাতাব মতো আলমে ফিরিব * তুমি কেন আইলে শাহা লস্কর লইয়া ॥ নাহিক এরাদা মেরা মহিম লাগিয়া * রাহা মুঝে দেহো আপন মুল্লুক হইতে ॥ তুরিত হইব পার লস্করের সাতে * মহিমের এরাদা জদি থাকে তেরা দেলে ॥ লড়াই করিতে আছে মৌজুদ সকলে * কাছেদ এরূপে জদি বয়ান করিল ॥ দারা নামদার শুনে হয়রতে রহিল * এতেক শুনিয়া দারা পোছে আরবার ॥ কিবা তেরা নাম আর কি জাতি তোমার * ছুরত মুরত এয়ছা দেস্তার ছেরেতে ॥ কায়ানের জাত হবে বুঝিনু মনেতে * কিন্তু তুমি সেকন্দর বুঝিলাম দেলে ॥ কাছেদের লেবাছ পিন্দে এখানে আইলে * সেকন্দর বলে তুমি নারিলে চিনিতে ॥ মোর মতো চাকর কত তার দরবারেতে * সেকেন্দর নহে এয়া বেকুফ নাদান ॥ এরূপে দুস্মনের ঘঁরে আসিবে ছোলতান * দারা ফের সারাব আর জাম মাঙ্গাইল ॥ পেয়ালা ভরিয়া সারাব সেকন্দরে দিল * সেকন্দর পিইয়া সারাব লাল ফাম ॥ কিন্তু আপনার কাছে রাখিল সে জাম * এতেক দেখিয়া দারা পোছে সেকন্দরে ॥ কি কারনে পেয়ালা নাহিক দিলে ফিরে * সেকন্দর বলে তবে শুন নেক নাম ॥ দস্তুর মুল্লুকে মেরা এমনি মদাম * কাছেদের তরে জেবা সারাব পেলায় ॥ সে পেয়ালা কভু আর ফিরে নাহি লয় * হাসিয়া হুকুম করে দারা নামদার ॥ এক জাম সারাব আনিয়া দেহ আর * একেং চার পেয়ালা চার বারে লিল ॥ জওহেরাত জড়া সে হরেক জাম ছিল * আনিয়া রাখিল থাঞা হৈল জবে সাম ॥ খাইতে লাগিল খান মিলিয়া তামাম * তার বিচে সেকন্দরে জেকেহ চিনিল ॥ দারার তরফে সেহ এসারা করিল * সেকন্দর বুঝিলেন মনে আপনার ॥ জাহের হইল এবে ভেদ যে আমার * সেতাবি উঠিয়া সাহা হইল রওানা ॥ ঘোড়ায় চড়িয়া গেল লস্করে আপনা * হাজার জওান বড়া জোরওার ছিল ॥ সেকন্দরের পিছে দারা পাঠাইয়া

দিল * অন্ধকার রাতি ছিল দিসা না পাইয়া ॥ লাচার হইয়া তারা আইল ফিরিয়া * সেকন্দর হাতে লিয়া সেই চারি জাম ॥ দেখাইয়া সবাকারে কহে এ কালাম * মেরা হক্কে আছে এই মোবারক ফাল ॥ আল্লা চাহে দারার আমি লিব মুল্লুক মাল * মালুম করিনু সেথা জাইয়া এয়ছাই ॥ দারার বহুত আছে লস্কর ছেপাই * কিন্তু মেরা সাতে নাহি তাব লড়িবার। মহিম হইবে ফতে হাছেল আমার * আল্লার মেহের আছে আমার উপরে ॥ রাত দিন দৌলত মদদ মেরা করে * মহিমের বাত এবে কারার হইল। ছোলের নেশানী একেবারে মিটে গেল * কবিকার বলে এবে সোনাই সবারে ॥ জেরুপে লড়াই হৈলো দারা সেকন্দরে * জেকেহ সুনিবে এই কবিতা আমার ॥ দোওা দিবে মেরা হালে জত দিন দার * হেতা সেথা তোরে জাই এই দোওা দিবে ॥ আমার আরোজ এই সবার জোনাবে *

* দারা ও সেকন্দরের লড়াই *

* পয়ার ছন্দ *

ফজরে আফতাব জবে রৌশন হইল ॥ মহিম ময়দানে দুই লস্কর আইল * সেকন্দর লস্কর খাড়া করে এক বাগে ॥ ফউজ লইয়া দারা আইল আর দিগে * মহিমের বাজা সেথা লাগিল বাজিতে। হাতি ঘোড়া উট নাচে বাজার সব্দেতে * লড়িতে লাগিল তবে দুদলে লস্কর ॥ কাটা কাটি কোরে মড়ে কত নামুওর * লাগিল তিরের ফলি ছিনাতে জাহার। থাক খুনে ডুবে গেল ওজুদ তাহার * এই রূপে সাত দিন লড়ে সে ময়দানে ॥ লহুর তুফান বহে জঙ্গের ময়দানে * আটঞি রোজেতে তাবা হৈল শাহা দারা ॥ লস্কর হইয়া গেল পেরেশান সারা * বিপাক দেখিয়া দারা চলিল ভাগিয়া ॥ ফোরাত নদীর ধারে পৌছিল জাইয়া * রুমি পাহালওান ফের পিছে গিয়া তার ॥ মারিল ইরানী কত হাজারে হাজার * জতেক ছেপাই তাতে বাঁচিয়া আছিল ॥ বিপাক দেখিয়া তারা ভাগিয়া চলিল * সেকন্দরের ছেপাই যে চলে বেগদিয়া ॥ ভাগেল ছেপাই গনে ডালিল মারিয়া * জঙ্গে সেকন্দরের জদি ফতেমন্দি হৈল ॥ খুসি হালে সেকন্দর ফিরিয়া চলিল * দারা পৌছিলেন গিয়া আপনা মহলে ॥ বসিয়া আন্দেশা সাহা করে দেলে ২ * কিরূপে এ মহিমেতে

পাইব রেহাই ॥ আন্দেশা ফেকের গম করেন এয়ছাই * দারা সাহা ভেবে শেষে ছবর করিল ॥ রাত গোজরিয়া জদি ফজর হইল * জতেক লস্কর বাকি আছিল দারার ॥ হুকুম করিল সবে হইতে তৈয়ার * দোছরা রোজেতে দারা ময়দান বিচেতে ॥ লস্কর করিল খাড়া লড়াই করিতে* সেকন্দর লস্কর লিয়া ময়দানে আইল ॥ জঙ্গের নাকারা ফের বাজিতে লাগিল ** দারা হুকুম করে লস্করে এয়ছাই। তোমরা যে একে ২ নাকর লড়াই*একেবারে লড়ো সবে হেম্মত করিয়া ॥ দারার লস্কর এয়ছা হুকুম পাইয়া * সেকন্দরের লস্করেতে কুদিয়া পড়িল ॥ দুই দলে কাটা কাটী করিতে লাগিল * সেকন্দরের ছেপাগন বড়া জোরওার ॥ দারার লস্করে কেটে কৈল ছারখার ** লহু নদী বয়ে চলে জঙ্গের ময়দানে ॥ ভাবিত হইল দারা দেখিয়া নয়ানে * দিন গোজরিয়া জদি নিমা সাম হৈল ॥ বাহুড়ি নাকারা তবে দুদলে বাজিল * দুদলে ছেপাই গন ফিরিয়া চলিল জার যে ডেরায় গিয়া কোমর খুলিল * কবিকার বলে এবে সোন সবে ভাই ॥ তেছরা দিনেতে হৈল যেরূপে লড়াই * একে একে লিখি তাহা বয়ান করিয়া ॥ ধেয়ান করিয়া সবে সোন মন দিয়া *

* শাহ সেকন্দরের সাতে দারা তেছরাবার লড়িয়া * হারে ও সেকন্দর ইরান সহরে আপন নামে সিক্কা জারি করিবার বয়ান *

* পয়ার ছন্দ *

ফতেমন্দি হৈল জদি সেকন্দর বাদসার ॥ ইরানের তক্তে বসিলেন নামদার * কায়ানের তক্ত তাজের মালেক হইল ॥ ইরান বিচেতে আপন সিক্কা চালাইল * এনাম দিলেন শাহা ইরানী সবায়। খুসি হালে দোওা তারা দিলেন শাহায় * চাকর ও ছেপাই গন বলা কহা করে ॥ কভুনা এনাম দারা দিল আমাদেরে * মা করিল দারা কভু মেহের এয়-ছাই ॥ সেকন্দর মোদের সাতে করিল জেয়ছাই * সেকন্দর শাহা ফের কহেন সকলে ॥ তোমরা বেগানা মুঝে না বুঝিবে দেলে * তোমাদের সাহ আমি জানিবে যে এবে। দারার ওয়ারেছ আমি একিন জানিবে ** উজালা করিল বক্ত এল্লাহি আমার ॥ হাগেসা ভরসা আমি রাখি যে তাহার * খাতের জমা রহ'সবে খোশাল দেলেতে ॥ তাবেদারি কর সবে

দেল ও জানেতে * মেহের মহব্বতে সবে রাখিব খোশাল ॥ রাত দিন বখশিসেতে হইবে নেহাল * এহা জদি কহিলেন শাহ সেকন্দর ॥ আসিয়া হাজির হৈল তামাম লস্কর * ইরানের বাদসা দারা দেখিল সেথায় ॥ ইরানী লস্কর সব রোজ ২ জায় * দারা এই কহে শুন ইরানী লস্কর ॥ আগে তেরা জের ছিল রুমি নামুওর * আর এয়ছা দেলাওর হৈল এবে তারা ॥ আফছোস গরদেস হৈতে নাহি কোন চারা * ফেরেব হইতে নাহি খালি সে জেনহার ॥ করিতেছে বাদসা সেকন্দর নামদার * তাহার ফেরেবে কভু নাহিক পড়িবে। কোনরূপে তোমাদের খারাবি করিবে * জস বাচ্চা সকলে হইবে গেরেপ্তার ॥ তাহা হৈতে সবাকারে পৌছিবে আজার * দারার সঙ্গেতে মিল তাহাদের ছিল ॥ সে ওক্তে দারাকে এয়ছা কহিতে লাগিল * করিব মহিম ফের রুমির সঙ্গেতে ॥ শুন শাহা করো জদি হেক্ষত জঙ্গেতে * দারা ফের আইলেন লস্কর জমাইয়া ॥ সেকন্দর শাহার সাতে মহিম লাগিয়া * শাহা সেকন্দর ছিলেন তক্তেতে বসিয়া ॥ কাছেদ খবর দিল তখনি আসিয়া * লস্কর লইয়া দারা আসিয়া পৌছিল ॥ শাহ সেকন্দর জদি এতেক শুনিল * আপনা লস্কর গনে লিয়া নামদার ॥ ছামনে হইল থাড়া জাইয়া দারার * জঙ্গের নাকারা বাজে ময়দান বিচেতে ॥ মউজ আইল জেয়ছা দরিয়া মদ্ধেতে * চলিতে লাগিল এয়ছা তেগ সেখানেতে ॥ খুনের দরিয়া হৈল ময়দান বিচেতে * জঙ্গের বাজার ফের গরম হইল ॥ নেজা গোর্জ্জ তলওার ময়দানে চলিল * মহিমের ওক্তে জত ইরাণী লস্কর ॥ দেলেরি করিল সবে ময়দান উপর * কপালের দোস কিছু আছিল দারার ॥ বহুত লস্কর তার হৈল ছারখার * রুমের লস্কর খুব হেক্ষত করিয়া ॥ ইরাণি উপরে মারে তলওার খেচিয়া * বিপাকে পড়িয়া জতো ইরাণী ছওার ॥ ময়দান হইতে ভাগে হইয়া লাচার * দারা সাহা ভাগে ফের হইয়া খারাব ॥ ওস্তখোর মুল্লুক বিচে গেলেন সেতাব * দারার পিছেতে জদি সেকন্দর গেল ॥ সেথা ও জাইয়া দারা টিকিতে নারিল * আওরত ও লাড়কা বালা ইরাণী লোকের ॥ কএদে পড়িল সব হাতেতে রুমের * যে আসিত হুজুরেতে সেকন্দর সাহার ॥ মিলিত আওরত আর ছাওাল তাহার * সেকন্দরে দারা এয়ছা লেখে বিবরিয়া ॥ কউল কারার শাহা মজবুত করিয়া * মুল্লুক আমার জদি বখশো তুমি

লোকা লিখিল জওাব ॥ তুমি জদি আইস মেরা নিকটে শেতাব * তবে ছেড়ে দিব আমি ইরান সহর ॥ তক্ত তাজ মোবারক তুঝে নামুওর * লস্কর লইয়া তবে জাবো হেথা হৈতে ॥ করিব মুল্লুক গিরি দুছরা জাগাতে * ইরাণের পাহালওান জত নামদার ॥ দারাকে বলেন তারা সোন নামদার * সেকন্দরের সাতে তুমি মেলো জাহাদার ॥ তক্ত তাজ কায়েম তবে থাকিবে তোমার * দারা বলে লায়েক নহে বাদসার শানে ॥ সেকন্দরের তাবেদারি করিব কেমনে * জানের দহশত আমি নাহি রাখি আর ॥ কভুনা রুমির আমি হব তাবেদার * ফওরো হিন্দিকে দারা লেখে এ প্রকারে ॥ লাচার হইনু আমি দুনিয়া উপরে * দুনিয়াতে নাহি কেহ আমার ইয়ার ॥ খোদার জানেবে তুমি হও মদদ গার * এয়ছাই লিখন জদি ফওর হিন্দি পায় ॥ এরূপে জওাব ফের লিখিল দারায় * সোন শাহা কহি আমি তোমার কারনে ॥ শেতাবি চলিয়া তুমি আইস এই থানে * মদদ করিব আমি তোমার উপরে ॥ জাতে ভাল হয় তাহা করিবে আখেরে * জেরূপে মারা গেল দারানাম দার ॥ একে একে লিখি সোন আহওাল তাহার *

* শাহ দারা আপন উজির দিগের হাতে মারা জায় ও দারার বেটী রওশনকে সেকন্দর শাদি করিবার বয়ান * * পয়ার ছন্দ *

সেকন্দর পাইলেন খবর এমতে ॥ এরাদা করিল দারা হেন্দস্তানে জেতে * সেকন্দর লস্কর ভেজিল চারিদিগে ॥ দারার জাইবার পথ বন্দ করে রাখে * দারার আছিল দুই মছলত উজির ॥ জালেম বদকার তারা বড়ই শরির * এক উজিরের নাম ছিল মাহিয়ার ॥ আর দোছরার নাম ছিল জানুসিয়ার * আপসেতে তারা দোহে মছলত করিল ॥ দারার লস্কর জত ছারথার হৈল * এক্ষনে নছিব বুরা হইল দারার ॥ না জানি সে কোন দিন হয় গেরেপ্তার * এই মছলেহাত তারা করে দুই জনে ॥ তলওার খেচিয়া মারি দারার গরদানে * সেকন্দর তক্ত তবে পাইবে দারার ॥ আমা দোহে মেহের করিবে নামদার * এয়ছাই মছলত তারা করিল দোহেতে ॥ রাজি হৈল দুই জন দারাকে মারিতে * এক

দিন রাহা বিচে রাতের আমলে ॥ লস্কর হইতে দারা জুদা হৈয়া চলে * বাদসার সঙ্গেতে কেহ নাছিলো ছওার ॥ সাতে ছিলো সেই দুই উজির বদকার * এক জন হাতে লিয়া খঞ্জর আবদার ॥ জোরেতে মারিল খেচে ছিনাতে দারার * দুসরা উজির তবে হয়ে বেদারেগ ॥ গরদান উপরে তার খেঁচে মারে তেগ * কারি জখম জদি হৈল ওজুদেতে ॥ ঘোড়া হৈতে গেরে সাহা জমিন পরেতে * সেকন্দরের কাছে দোহে পৌছিল জাইয়া ॥ বলিল দারাকে মোরা আইনু মারিয়া * সেকন্দর এত শুনি তখনি চলিল ॥ দারা জেথা পোড়ে ছিল সেইখানে গেল * ঘোড়া হৈতে উতরিয়া শাহা সেকন্দর ॥ রাখিয়া দারার ছের জানুর উপর * আখে অছু বহাইয়া কান্দে জারে জার ॥ দারা দেখে আহা মেরে ওঠে একবার * সেকন্দর শাহা কহে কান্দিতেছ ॥ চল শাহা লিয়া জাই আমার ডেরেতে * দাওা পানী সেখানে করিব জপনের ॥ আরাম হইলে দিব তক্ত ইরানের * তোমার লাগি। দর্দ্দ হইল আমার ॥ হকিকতে তুমি আমি এক বেরাদার * শুনিনু মাএর মুখে খবর এয়ছাই ॥ এক বাপ ছিা তুমি আমি দোন ভাই * কে ডালিল তুঝে এয়ছা হালাক করিয়া ॥ এত বলি কান্দে শাহা জার জার হৈয়া * সুনিয়া কহেন দারা সোন সেকন্দর ॥ কান্দিলে কি হবে আর করহো ছবর * যা হবার হয়ে গেল নছিবের কাম ॥ দুনিয়া হইতে আমি হইনু তামাম * তুমি এবে দুনিয়াতে মোরতবার সাত ॥ বাদসাই করহো গিয়া সোন নেকজাত * মেরা অছিয়ত এক করিবে কবুল ॥ শাহ সেকন্দর বলে না হবে অতুল * দারা বলে তুমি মেরা রাখিবে ভরম ॥ কদাচিত না তুড়িবে আমার পরন * বেটি এক আছে মেরা রওশন নাম ॥ আপনা খেদমতে লিবে কোরে শাদি কাম * পয়দা হৈলে তার পেটে ফরজন্দ তোমার ॥ রাখিবে তাহার নাম ইস্পন্দিয়ার * তাহাতে আমার দেল হইবে খোশাল ॥ লহরাস্প শাহার দিন রহিবে বাহাল * আর সে আইন রবে গোস্তাস্প শাহার ॥ সেকন্দর শাহা সুনে করিল কারার * দারা বলে এবে মুঝে করহো বিদায় ॥ মেলাদান তেরাপরে রহিবে খোদায় * এতেক বলিয়া দারা তেজিল পরান ॥ কান্দিতে লাগিল ॥ দেখে রুমের ছোলতান * পরেতে দারার তরে দফন করিয়া ॥ ইরানের তক্ত পরে বসিলেন গিয়া * দেখে দেখে ফেরাইল আপনার নাম ॥ আদল এনছাফে খুসি হইল তামাম * আছিল দারার বেটী রওশন

নাম ॥ তাহার মাএর কাছে ভেজিল পয়গাম * কহিল ভেজিয়া দেহ বেটিরে তোমার ॥ তাহাকে করিব শাদি হুকুম দারার * সুনিয়া তখনি বিবি শুপিল বেটিকে ॥ সেকন্দর শাদি কৈল বিবি রওশনকে * আএশ আরামে শাহা থাকেন মদাম ॥ এই তক হৈল শায় কেতাব তামাম * হবিবল হোছেন বলে হিন থাকছার ॥ আদাব ও ছালাম মেরা জোনাবে সাবার * আল্লাহ বলো ভাই জতেক মমিন ॥ কেতাব তামাম হৈল আমিন আমিন *

* কেতাব তামাম সোদ *

---

* জঙ্গে ছোহরাবের সুচি পত্র *

হামদনাত	১
জালের শাদি ও রোস্তম পাহালওানের পয়দা য়েশের বয়ান	২
ছোহরাবের পয়দা য়েশের বয়ান	৮
ছোহরাব কাউছ বাদসার সাতে লড়াই করিবার এরাদায় রাহে কেল্লা মতিনকে কতে করে ও বাদসা কাউশ সুনিয়া জাবল হইতে রস্তম পাহালওানকে মাঙ্গাইবার বয়ান	১৩
কায়কাউশ আর রোস্তম লস্কর সকল লইয়া ছোহরাবের সাতে লড়িবার এরাদায় কেল্লা মতিনের নিকট জায়	১৯
রোস্তম ও ছোহরাবের পহেলা লড়াই	২০
রোস্তম ও ছোহরাবের দোছরা দিনের লড়াই	২৬
রোস্তম ও ছোহরাবের তেছরা দিনের লড়াই	২৮
রোস্তম পাহালওান ছোহরাবের তাবুত লিয়া শিস্তানে জায় ও ছোহরাবের মাতা শুনিয়া মাতম করিবার বয়ান	৩৩
শাহ সেকন্দর দারার সঙ্গে জঙ্গ করিবার বয়ান	৩৬
দারা ও সেকন্দরের পহেলা লড়াই	৩৮

দারা ও সেকন্দরের দুছরা ও তেছরা দিন লড়িয়া হারে ও
সেকন্দর ইরাণে আপন নামে সিক্কা জারি করিবার বয়ান ৩৯
শাহ দারা আপন উজির দিগের হাতে মারা জায় ও সেকন্দর
দারার বেটী রওশনকে শাদি করিবার বয়ান ৪১

* সুচি পত্র সমাপ্ত *

---

* প্রথম সত্তাধিকারের বিজ্ঞাপন *

সর্ব্বসাধারণগণকে জ্ঞাত করান যাইতেছে যে, শ্রীমুনশী হবিবল হোছেন এই কেতাব রচনা করিয়া ছাপার খরচার জন্য অক্ষম হইয়া এই কেতাবের কাপি রাইটের সত্ত উচিত মুল্যে আমার নিকট বিক্রয় করিলেন, এই কেতাব আমার অনুমতি ভিন্ন কেহ ছাপিবেন না, ছাপিলে আমার সমস্ত খেসারতের দাবির দাইক হইনে। ইতি সন ১৩০৯ সাল।

নিবেদক---শ্রীমুনশী রেয়াজদ্দিন খান।

দ্বিতীয় সত্তাধিকারের বিজ্ঞাপন।

এতদ্বারা সর্ব্বজনকে জানাইতেছি যে, অত্র পুস্তকের কাপী সত্যের হক প্রথম সত্তাধিকার মুনশী রিয়াজদ্দিন খান সাহেব। মৃত হওয়ার পর তাঁহার ওয়ারিস, গণদের নিকট হইতে উচিত মুল্যে সন ১৩২৩ সালের ৯ই ভাদ্র তারিখে এক কিস্তা রেষ্ট্রীকৃত দলিল দ্বারা ক্রয় করিয়া নিজে সত্যবান হইয়া নিজ নামে ছাপাইয়া প্রকাশ করিলাম। ভবিষ্যতে যদি কেহ এই পুস্তক ছাপেন বা ছাপান তাহা হইলে তাহাতে আমার যে ক্ষতি হইবেক, সেই ক্ষতিপুরণের সম্পূর্ণ দাইক হইবেন। ইতি সন ১৩২৩ সাল ২৫শে চৈত্র। নিবেদক---শ্রীমহাম্ম কোরবান আলি।

১১ নং মেছুয়াবাজার পুস্তকালয়।

সাচ্চা লড়ায়ের নুতন পুস্তক ॥
মৌলবী আজহার আলি প্রণীত ॥
ছহি জঙ্গে রছুল ও জঙ্গে হজরত আলি

---:০:---

লড়ায়ের পুস্তক পরিবার জন্য আজকাল পাঠকদের সকলেরি মনের অভিলাস কিন্তু বাজারের জঙ্গে খয়বর, ফতুহ স্বাম আমির হামজা গং লড়ায়ের কেতাব বহুতর প্রচলিত আছে কিন্তু তাহা পাঠ করিয়া আর পরিতৃপ্তি হয় না,কারন সেসমস্ত কেতাব বহুদিবসাবধি পড়াহইতেছে ও তাহার হাবভাব গুলিওপ্রায় লোকেই জ্ঞাতব্য। শুতরাং সকলেই বলেন যে এর চেয়ে ভাল ও সাচ্চা কোন লড়ায়ের কেতাব হইয়াছে কি না আমি এই সমস্ত দেখিয়া শুনিয়া বহু পরিশ্রমে ও বহু অর্থব্যয়ে মৌলবী আজ্হার আলি সাহেবকে দিয়া আরবি তৌয়ারিখ হইতে তরজমা করা ইয়া এই আসল হিরক হার, আজ পাঠকমহোদয় গনের গলায় দুলাইলাম পাঠক মহোদয় গনের মনরঞ্জন বাসনা পুর্ণ হইলেই আমার সমস্ত পরি শ্রম সফল মনে করিব॥ এই জঙ্গে রছুল রেছালায় যে যে বিশয় লিখিত হইয়াছে তাহা সামান্য বিজ্ঞাপনে লিখিয়া প্রাকাশ করা অসাধ্য পাঠ করিলেই জানিতে পারিবেন যে সর্ব্ব প্রকার লড়ায়ের কেতাব হইতে এটী উত্তম হইয়াছে কি না জিনি একবার পড়িবেন তিনার মুক্তকণ্ঠে বলিতে হইবে যে এটী সর্ব্বাপেক্ষা যথার্থই উত্তম॥ এহাতে হজরত রছুল করিম ছঃ স্বয়ং লড়াই করিরা যে যে ভাবে যে যে দেশে পবিত্র এসলাম ধর্ম্ম স্থাপীতকরিয়াছেন, এবং হজরত আলি করমুল্লার সাতে বিবি ফাতেমা রাঃ বিবাহ ও এমাম হাসেন ও হোসেনের জন্ম এবং বিবি ফাতেমার মৃত্ত এবং হজরত রছুল কঃ ও হজরত আলি কঃ দোন একত্রে কাবার বোজ তুড়িয়াএসলাম দিন জারি করান॥ও এস্কেন্দারিয়া, এরান তুরান তোগান মোগান স্বামএরাক, খয়বর সহর,বাছেরা সহর গং দেশের বেদিনের সাতে লড়াই করিয়া দিন জারি কড়ান॥ আবার হজরত আলি হইতেই যে ফকিরি মারফতের ভেদ সকল ওলমা গনে প্রাপ্ত হইয়াছেন তাহার নিদর্শনও ছেজরাএবং হজরত আলি কঃ সাহেবের মৃত্ত ও লাশ কোথায় কবর হয় তাহা অর্থাৎ হজরত আলির জন্ম হইতে মৃত্ত পর্য্যন্ত জিবনে যে যে লড়াই ও যে যে কষ্ঠ করিয়াছেন তাহার বিশেষ বিবরন লিখিত হইয়াছে সামান্যবিজ্ঞাপনে কত লিখিব পাঠ করিলেই বুঝিতে পারিবেন পুস্তক খানা ২৪০ পৃষ্ঠায় সমাপ্ত মুল্য ডাক মাশুল সমেত ॥৵০ দশ আনা

ওসমানিয়া লাইব্রেরীর

সুলভ বিজ্ঞাপন, আবশ্যক মতন নিচের ঠিকানায় পত্র লিখুন।

মেফ তাহলজান্নাত	খয়রলবসার মৌলুদ
বড় খয়রল হাশার	মনুহর মালতি
আরবাইন হাদিছ	নুরবক্ত নওবাহার
জঙ্গে রছুল	সাহাদতে কারবালা
সখিসোনা	গোলশানে আবর
শিরিফরহাদ	লক্ষি শনির ঝগড়া
শাশুরী জামাই	তাম্বিহুল গাফেলিন
নুরনামা উর্দ্দ জবান	রৌশন জামাল
এর সাদে কাউয়ালি	হটিল্লা গাজি
আখবার ছালাত	সহিদে মরতজা
ছোলেমানি তালেনামা	মারফত নামা
আখবারল অজুদ	নুরনামা
একশত ত্রিশ ফরজ	জঙ্গে ছোহরাব
গঞ্জল আরশ	দেলারাম
কমরজ্জমান	মধুমালতী
খাবনামা	বড় ছায়েত নামা
বেনজির নাটক	কটুমিয়া
ছুরতনামা	গোলে হরমুজ
গোলশানে ওস্বাক	লায়লি মজনু
ইন্দ্রসভা	আজাএব ছোলেমানি
অজুদনাম	কালুগাজি চাম্পাবতী
নিজাম পাগলা	লালবানু সাজামাল
গোলেআরজান	হুদমেহের গাজি
হেদাএতল ফোচ্ছাক	সোলতান জমজমা

স্থানাভাবে সকল রকম পুস্তকের নাম দেওয়া গেল না। এতদভিন্ন মোছল মানি বাঙ্গালা কেতাব হিন্দুয়ানি পুস্তক ও আরবি, ফারসি, হিন্দি সকল রকম কেতাব সুলভ মুল্যে পাইকারি দরে বিক্রয় করিয়া থাকি পত্র লিখিলে ভিঃ পিঃ ডাকে ও রেলওয়ে পারশেলে মাল পাঠান হয়। ইতি

পত্র লিখিবার ঠিকানা---শ্রীমহাম্মদ কোরবান আলি।

১১ নং মেছুয়াবাজার ষ্ট্রীট, ওসমানিয়া লাইব্রেরী কলিকাতা।